এতদ্ব্যতীত পরিষৎ-পত্রিকার সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু মহাশয় স্বতঃ প্রণোদিত হইয়া বহুল আয়াস ও অর্থব্যয় স্বীকার করিয়া নানা বিষয়ে ৬০০ শতের অধিক পুঁথি সংগৃহীত করিয়াছেন। উক্ত পুঁথির মধ্যে ২৪৩ খানির বিস্তৃত তালিকা ১৩০৪ সালের পরিষৎ পত্রিকার শেষ সংখ্যায় লিখিত হইয়াছে। পরিষদের অনুরোধ এই যে, পরিষদের অন্যান্য সভ্য মহোদয়গণ নগেন্দ্র বাবুর দৃষ্টান্তের অনুসরণ করিয়া পুঁথি সংগ্রহ বিষয়ে যত্নশীল হয়েন এবং সংগৃহীত পুঁথির সবিস্তার বিবরণ পরিষৎ পত্রিকায় প্রকাশের জন্য প্রেরণ করেন। ইতিমধ্যেই পরিষদের অন্যতম সদস্য শ্রীযুক্ত অম্বিকাচরণ গুপ্ত ও শ্রীযুক্ত নিবারণচন্দ্র ভট্টাচার্য্য মহাশয় স্ব স্ব সংগৃহীত পুঁথির তালিকা পরিষৎ পত্রিকায় মুদ্রণের জন্য পাঠাইয়া পরিষদের কৃতজ্ঞতাভাজন হইয়াছেন।

পত্রিকা-সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু মহাশয় স্বসংগৃহীত সকল পুঁথিই পরিষদের কার্য্যে নিয়োজিত করিতে সর্ব্বদা প্রস্তুত থাকিয়া পরিষদের ধন্যবাদের পাত্র হইয়াছেন। তিনি এবং অন্যান্য মহোদয়গণ পরিষৎ-পুস্তকালয়ে যে যে পুঁথি উপহার দিয়াছেন, নিম্নে তাহার তালিকা প্রদত্ত হইল।

| পুঁথির নাম। | কাহার লিখিত। | কোন্ সালের। | উপহারদাতার নাম। | প্রাপ্তি তাং। |
|---|---|---|---|---|
| ১। চণ্ডী | কবিকঙ্কণের | ১২২০ | জে, সি টোসি | ১৩০৪, চৈত্র। |
| ২। পদাবলী | চণ্ডী দাসের | ,, | শ্রীনগেন্দ্রনাথ বসু | ১৩০৪, ২৩শে মাঘ। |
| ৩। প্রেমভক্তি চন্দ্রিকা | নরোত্তম দাসের | | ,, | ,, |
| ৪। উদ্ধবসংবাদ (২ খণ্ড) | কবিচন্দ্রের | ,, | ,, | ,, |
| ৫। শ্রীকৃষ্ণমঙ্গল | ঐ | ,, | ,, | ,, |
| ৬। [illegible] | ঐ | ,, | ,, | ,, |
| ৭। দানখণ্ড পালা | ঐ | ১০৮৪ | ,, | ,, |
| ৮। যোগাদ্যার বন্দনা (২ প্রস্থ) | ঐ | ,, | ,, | ,, |
| ৯। সিদ্ধান্ত চন্দ্রিকা | ঐ | ,, | ,, | ,, |
| ১০। ভক্তিচিন্তামণি (২ প্রস্থ) | বৃন্দাবনদাসের | ,, | ,, | ,, |
| ১১। সুদামচরিত্র | পরশুরামের | ,, | ,, | ,, |
| ১২। বৈষ্ণববন্দনা (২ প্রস্থ) | দৈবকীনন্দনের | ,, | ,, | ,, |
| ১৩। গুরুদক্ষিণা | কবিচন্দ্রের | ,, | ,, | ,, |
| ১৪। চণ্ডিকামঙ্গল | কবিকঙ্কণের | ,, | ,, | ,, |
| ১৫। মনশিক্ষা | গিরিধর দাসের | ,, | ,, | ,, |
| ১৬। দণ্ডাত্মিকা | ঐ | ,, | ,, | ,, |
| ১৭। হরিশ্চন্দ্রোপাখ্যান | ঐ | ,, | ,, | ,, |
| ১৮। মনসামঙ্গল | ক্ষেমানন্দ ও কেতকাদাসের | ,, | ,, | ,, |
| ১৯। মনসামঙ্গল | কেতকাদাসের | ,, | ,, | ,, |
| ২০। ষষ্ঠীমঙ্গল | রাধাচরণের | ,, | ,, | ,, |
| ২১। মনসামঙ্গল | ক্ষেমানন্দের | ,, | ,, | ,, |
| ২২। শঙ্খ পরার পালা | দ্বিজ রামেশ্বরের | ,, | ,, | ,, |

বলা বাহুল্য এখনও অনেক বাঙ্গালা পুঁথি অজ্ঞাত অবস্থায় জীর্ণ শীর্ণ হইয়া কীটদষ্ট হইতেছে। পুঁথি সংগ্রহ কার্য্যের এই সূত্রপাত মাত্র এখনও অনেক অবশিষ্ট আছে। এই কার্য্যে সহায়তা করিবার জন্য কার্য্য-নির্ব্বাহক-সমিতি আলোচ্য বর্ষের অগ্রহায়ণ মাসে উপযুক্ত পারিশ্রমিক দিয়া ছয় মাসের জন্য একজন পুঁথি সংগ্রাহক নিযুক্ত করিবার মন্তব্য করিয়াছিলেন। উপযুক্ত লোকের অভাবে এ মন্তব্য এখনও কার্য্যে পরিণত হয় নাই।

আয়—ব্যয়—আলোচ্য বর্ষে পরিষদের মোট ১৮৩৫৸৵১৫ টাকা আয় ও ১৭৮৫।৶০ টাকা ব্যয় হইয়াছিল। ১৩০৩ সালে সর্ব্বশুদ্ধ ১৪০১।০ আয়, ও ১৩০২৸৵১৭॥ ব্যয় হইয়াছিল। সর্ব্ববিধ ব্যয় বাদে বর্ষশেষে ৪৬।৶১৫ টাকা মজুত ছিল। আয়-ব্যয়ের সবিশেষ বিবরণ (ক) চিহ্নিত ক্রোড়পত্রে দ্রষ্টব্য।

হীরক-জুবিলি উপলক্ষে অভিনন্দনের ব্যয় নির্ব্বাহার্থ পরিষদের সভ্যদিগের নিকট বিশেষ চাঁদা প্রার্থনা করা হইয়াছিল। সেই প্রার্থনানুসারে যাঁহারা এককালীন চাঁদা প্রদান করিয়াছিলেন, নিম্নে তাঁহাদিগের নাম ও চাঁদার পরিমাণ লিখিত হইল।

| | | |
|---|---|---|
| শ্রীযুক্ত রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুর | ... | ২৫৲ |
| ,, রায় যতীন্দ্রনাথ চৌধুরী | ... | ২০৲ |
| ,, হীরেন্দ্রনাথ দত্ত | ... | ১০৲ |
| মাননীয় শ্রীযুক্ত গুরুদাস বন্দ্যোপাধ্যায় | ... | ১০৲ |
| শ্রীযুক্ত কুমার দক্ষিণেশ্বর মালিয়া | ... | ১০৲ |
| ,, অমৃতলাল বসু | ... | ৫৲ |
| ,, রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী | ... | ৫৲ |
| ,, গোবিন্দলাল দত্ত | ... | ৪৲ |
| ,, প্রমথনাথ মিত্র | ... | ১৲ |
| ,, যাদবকৃষ্ণ গোস্বামী | ... | ৫৲ |
| ,, অমৃতকৃষ্ণ মল্লিক | ... | ২৲ |
| ,, চারুচন্দ্র ঘোষ | ... | ১৲ |
| ,, চন্দ্রনাথ বসু | ... | ৫৲ |
| ,, জয়কৃষ্ণ মিত্র | ... | ৫৲ |
| ,, কুমার মন্মথনাথ মিত্র | ... | ২০৲ |
| ,, নগেন্দ্রনারায়ণ আচার্য্য চৌধুরী | ... | ২৲ |
| ,, দ্বিজেন্দ্রনাথ ঠাকুর | ... | ১০৲ |

এতদ্ব্যতীত গ্রন্থ প্রকাশের ব্যয় নির্ব্বাহার্থে ভাওয়াল জয়দেবপুরের বিদ্যানুরাগী রাজা এককালীন ২০০৲ দুই শত টাকা এবং পরিষদের অন্যতম সহকারী সভাপতি রায় কালীপ্রসন্ন ঘোষ বাহাদুর এককালীন ২০৲ টাকা দান করিয়াছেন। এই দানের জন্য পরিষদ্ ষণ্মাসিক-অধিবেশনে তাঁহাদিগকে বিশেষভাবে ধন্যবাদ দিয়াছিলেন।

আলোচ্য বর্ষে গ্রন্থ-প্রকাশ-সমিতির তহবিল হইতে সমিতির ধনরক্ষক শ্রীযুক্ত রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুর প্রাচীন পুঁথি মুদ্রণের জন্য গ্রন্থ-প্রকাশ-সমিতির সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু মহাশয়কে ২০০৲ দুই শত টাকা দিয়াছিলেন। ঐ ব্যয় বাদে উক্ত তহবিলে সম্প্রতি ৮৭।৵০ মজুত আছে।

আলোচ্য বর্ষে পরিষৎ-পুস্তকালয়ের জন্য সম্পাদক এককালীন ১০৲ টাকা এবং গ্রন্থরক্ষক শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র বসু মহাশয় এককালীন ৬৲ টাকা দান করিয়াছিলেন। উক্ত দানের জন্য পরিষদ্ তাঁহাদিগকে ধন্যবাদ দিতেছেন।

পারিতোষিক প্রবন্ধ—

(ক) যতীন্দ্রনাথ পুরস্কার—এই পুরস্কারের কথা পূর্ব্ব পূর্ব্ব বিবরণীতে উল্লিখিত আছে। রায় যতীন্দ্রনাথ চৌধুরী মহাশয় ঐ নামে দুইটি পুরস্কার দিয়াছিলেন। পুরস্কার দুইটির পরিমাণ যথাক্রমে ৫০০৲ ও ২৫০৲ টাকা। প্রথম পুরস্কারটি অদ্বৈতবাদ সম্বন্ধে ও দ্বিতীয়টি প্রাচীন ও নব্য ন্যায় সম্বন্ধে সর্ব্বোৎকৃষ্ট প্রবন্ধ লেখকের প্রাপ্য। আলোচ্য বর্ষে প্রাচীন ও নব্য ন্যায় সম্বন্ধে একটি মাত্র প্রবন্ধ পাওয়া গিয়াছিল। প্রবন্ধ লেখকের নাম শ্রীযুক্ত চন্দ্রকিশোর তর্কতীর্থ। ন্যায় বিষয়ক প্রবন্ধের পরীক্ষক মহামহোপাধ্যায় শ্রীযুক্ত মহেশচন্দ্র ন্যায়রত্ন, শ্রীযুক্ত কৃষ্ণকমল ভট্টাচার্য্য বি, এল্, ও শ্রীযুক্ত কামাখ্যানাথ তর্কবাগীশ মহাশয়গণের মতানুসারে উক্ত ন্যায় বিষয়ক পুরস্কার প্রবন্ধলেখক মহাশয়কে প্রদত্ত হইবে স্থির হইয়াছে। পুরস্কার প্রদানের জন্য পরিষদ শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী মহাশয়ের নিকট আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করিতেছেন।

অদ্বৈতবাদ বিষয়ে সর্ব্বসমেত চারিটি প্রবন্ধ পাওয়া গিয়াছিল। প্রবন্ধলেখকগণের নাম যথাক্রমে শ্রীযুক্ত সীতানাথ দত্ত তত্ত্বভূষণ, শ্রীযুক্ত প্রিয়নাথ সেন, এম্, এ, শ্রীযুক্ত দুর্গাচরণ বেদান্ততীর্থ ও শ্রীযুক্ত তারকনাথ মুখোপাধ্যায়।

উক্ত প্রবন্ধ কয়টি পরীক্ষকগণের মধ্যে শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ ঠাকুর, মাননীয় শ্রীযুক্ত গুরুদাস বন্দ্যোপাধ্যায়, ডি, এল্ ও শ্রীযুক্ত কালীবর বেদান্তবাগীশ মহাশয় কর্তৃক পরীক্ষিত হইয়াছে। অপর তিনজন পরীক্ষক মহামহোপাধ্যায় শ্রীযুক্ত মহেশচন্দ্র ন্যায়রত্ন, সি, আই, ই, শ্রীযুক্ত ডাক্তার প্রসন্নকুমার রায়, ডি, এস্, সি ও শ্রীযুক্ত কৃষ্ণকমল ভট্টাচার্য্য, বি, এল্ মহাশয়গণের পরীক্ষার ফলাফল অবগত হইলে যে প্রবন্ধ অধিকাংশ পরীক্ষকের মনোনীত হইবে, পরিষদ্ সেই প্রবন্ধ-লেখককে উক্ত পারিতোষিক প্রদান করিবেন। আশা করা যায়, পরীক্ষক মহাশয়গণ যথাসম্ভব শীঘ্র পরীক্ষার ফলাফল পরিষদের গোচর করিয়া পরিষদের কৃতজ্ঞতাভাজন হইবেন। পরীক্ষক মহোদয়গণ শ্রম ও আয়াস স্বীকার করিয়া উক্ত প্রবন্ধ সমূহ পরিষদের পক্ষ হইতে পরীক্ষা করিয়া দিয়াছেন বলিয়া, পরিষদ্ তাঁহাদিগকে আন্তরিক ধন্যবাদ প্রদান করিতেছেন।

(খ) কৃষ্ণভাবিনী বসু মল্লিক পুরস্কার—এই পুরস্কার প্রবন্ধের বিষয় "আর্য্য হিন্দুজাতির সমাজ-বন্ধন"। পুরস্কারের পরিমাণ ৫০০৲ পাঁচ শত টাকা এবং পরীক্ষক মহাশয়দিগের মতানুসারে প্রবন্ধ মুদ্রণের ব্যয় স্বরূপ ১৫০৲ দেড় শত টাকা। আলোচ্য বর্ষে উক্ত বিষয়ের ৫টি প্রবন্ধ সম্পাদকের হস্তগত হইয়াছে। কয়েকজন প্রবন্ধলেখকের প্রার্থনা মতে কার্য্য-নির্ব্বাহক-সমিতি উক্ত প্রবন্ধ রচনার কাল ১৩০৫ সালের আষাঢ় মাসাবধি বৃদ্ধি করিয়া দিয়াছেন। নিম্নলিখিত ব্যক্তিগণ উক্ত প্রবন্ধের পরীক্ষকরূপে নির্ব্বাচিত হইয়াছেন।

১। শ্রীযুক্ত চন্দ্রনাথ বসু এম্, এ, বি, এল।
২। মাননীয় শ্রীযুক্ত গুরুদাস বন্দ্যোপাধ্যায় এম্, এ, ডি, এল্।
৩। মহামহোপাধ্যায় শ্রীযুক্ত মহেশচন্দ্র ন্যায়রত্ন সি, আই, ই,।
৪। শ্রীযুক্ত বাবু যোগেন্দ্রচন্দ্র ঘোষ।
৫। ,, রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী এম্, এ।
৬। ,, রবীন্দ্রনাথ ঠাকুর।
৭। ,, হীরেন্দ্রনাথ দত্ত এম্, এ, বি, এল্।

পারিতোষিকদাতা শ্রীযুক্ত মন্মথনাথ বসু মল্লিক মহাশয়ের বদান্যতা ও বিদ্যোৎসাহিতা জন্য পরিষদ্ তাঁহাকে ধন্যবাদ দিতেছেন।

**পরিষদের শাখা-সমিতি**—পরিষদের মুখ্য উদ্দেশ্য সাধনার্থ নানা বিষয়ে কয়েকটি বিভিন্ন শাখা-সমিতি প্রতিষ্ঠিত হইয়াছে। তাহাদের প্রত্যেকের নাম,

উদ্দেশ্য, গঠন ও সংক্ষিপ্ত-কার্য্য-বিবরণ নিম্নে প্রদত্ত হইতেছে। পূর্ব্ব পূর্ব্ব বর্ষে পরিষদের সাধারণ-সম্পাদকই প্রত্যেক শাখা-সমিতির সম্পাদক নিযুক্ত ছিলেন। আলোচ্য বর্ষে এই নিয়ম পরিবর্ত্তিত হইয়া এ বিষয়ে এইরূপ বিধান হইয়াছে যে, প্রত্যেক শাখা-সমিতির আবশ্যক মত স্বতন্ত্র সভাপতি ও সম্পাদক পরিষদের সাধারণ অধিবেশনে নিয়োজিত হইবেন। তদনুসারে আলোচ্য বর্ষে বিভিন্ন শাখা-সমিতি সমূহের ভিন্ন ভিন্ন সম্পাদক নিয়োজিত হইয়াছেন। কোন সমিতির ফলাফলের জন্ত সেই সমিতির সম্পাদকই এখন দায়ী।

(১) গ্রন্থপ্রকাশ-সমিতি—১৩০২ সালের ২৪শে আষাঢ়ের মাসিক অধিবেশনে বাঙ্গালা ভাষায় রচিত প্রাচীনকাব্য ও অন্যান্য সারগর্ভ গ্রন্থ প্রকাশের নিমিত্ত এই সমিতির সৃষ্টি হয়। এই সমিতির সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু, রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুর ইহার ধন রক্ষকের কার্য্যে নিযুক্ত আছেন। এই সমিতির বর্ত্তমান সভ্যগণের নাম—

সাহিত্য-পরিষদের সভাপতি, সহ-সভাপতিত্রয়, সম্পাদক, সহ-সম্পাদকদ্বয়, শ্রীযুক্ত রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুর, শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী এম্ এ, বি-এল্, শ্রীযুক্ত নগেন্দ্রনাথ ঘোষ (ব্যারিষ্টর,) শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্ এ, শ্রীযুক্ত রজনীকান্ত গুপ্ত, শ্রীযুক্ত মনোমোহন বসু, শ্রীযুক্ত রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী ও শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু (সম্পাদক।)

আলোচ্য বর্ষে এই সমিতির দুইটি অধিবেশন হইয়াছিল। সমিতির মন্তব্যানুসারে শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু মহাশয় "অন্ধকবি ভবানীপ্রসাদের দুর্গামঙ্গল," ও "বিজয় পণ্ডিতের মহাভারতের" সম্পাদন কার্য্যের ভার গ্রহণ করিয়াছেন। শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু মহাশয় এই মহাভারতের দুই খানি প্রাচীন পুঁথি সংগ্রহ করিয়াছেন। বিশ্বকোষ-কার্য্যালয়ে সংগৃহীত তিন খানি পয়াগলি মহাভারতের সহিত উক্ত দুই খানি পুঁথির মেলন করিয়া সম্পাদন করা হইয়াছে। ঐ মহাভারতের প্রতিলিপি প্রস্তুত হইয়া দ্রোণপর্ব্ব পর্য্যন্ত মুদ্রিত হইয়াছে। বোধ হয় ১৩০৫ সালের আষাঢ় মাসের মধ্যে এই প্রাচীনতম মহাভারত মুদ্রিত হইয়া বিক্রয়ার্থ প্রস্তুত হইবে। দুর্গামঙ্গলের প্রতিলিপি মুদ্রণের জন্য প্রস্তুত হইয়াছে। মুদ্রণের পূর্ব্বে একবার আদর্শ পুঁথির সহিত পাঠের মেলন করিয়া দেখা আবশ্যক। আদর্শ-পুঁথি সম্প্রতি হস্তান্তরিত হওয়ায় দুর্গামঙ্গলের মুদ্রণকার্য্য

স্থগিত রাখিতে হইয়াছে। শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু মহাশয় দুর্গামঙ্গল ও মহাভারতের সম্পাদন কার্য্যের ভার গ্রহণ করাতে পরিষদ তাঁহাকে ধন্যবাদ দিতেছেন।

কৃত্তিবাসী রামায়ণ, কাশীদাসী মহাভারত, কবিকঙ্কণ চণ্ডী, রামমোহনের রামায়ণ প্রভৃতি প্রাচীন গ্রন্থ সম্পাদনের ভার ভিন্ন ভিন্ন শাখা-সমিতির উপর অর্পিত হইয়াছে। সম্পাদনকার্য্য অগ্রসর হইয়া মুদ্রণের উপযুক্ত হইলে গ্রন্থ-প্রকাশ-সমিতি ঐ ঐ গ্রন্থ মুদ্রণের ব্যবস্থা করিবেন।

(২) কৃত্তিবাসী রামায়ণ-সমিতি—কৃত্তিবাসী রামায়ণের একটি বিশুদ্ধ ও পাঠবিবেকযুক্ত সংস্করণ প্রকাশিত করিবার জন্য ১৩০২ সালের ২৪শে আষাঢ় এই সমিতি গঠিত হয়। এই সমিতির সম্পাদক শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত। সমিতির বর্ত্তমান সভ্যগণের নাম :—

১। শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত এম্, এ, বি, এল্।
২। „ শারদারঞ্জন রায় এম্, এ।
৩। „ রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্, এ।
৪। „ অমৃতকৃষ্ণ মল্লিক বি, এল্।
৫। „ নরেন্দ্রনাথ মিত্র বি, এল্।
৬। „ মনোমোহন বসু।
৭। „ নগেন্দ্রনাথ বসু।
৮। „ গোবিন্দলাল দত্ত।
৯। „ চারুচন্দ্র ঘোষ।
১০। „ শরচ্চন্দ্র সরকার।
১১। „ রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী এম্, এ।
১২। „ পণ্ডিত মহেন্দ্রনাথ বিদ্যানিধি।
১৩। „ কুঞ্জলাল রায়।
১৪। „ বিজয়কেশব মিত্র।
১৫। „ অমৃতলালবসু।
১৬। „ হারাণচন্দ্র রক্ষিত।
১৭। „ ধনকৃষ্ণ সেন বি, এ

এই সমিতির সভ্যগণের যত্নে রামায়ণের অনেকগুলি প্রাচীন হস্তলিখিত পুঁথি ও প্রাচীন মুদ্রিত পুস্তক সংগৃহীত হইয়াছে। তন্মধ্যে ১৮০২ সালে শ্রীরামপুরে মুদ্রিত রামায়ণ গ্রন্থ ও বহু প্রাচীন কয়েক কাণ্ডের হস্তলিখিত পুঁথি সবিশেষ উল্লেখ যোগ্য। প্রাচীন পুঁথির মধ্যে ২ খানি উত্তরাকাণ্ডের পুঁথি, ১ খানি অযোধ্যাকাণ্ড ও ১ খানি লঙ্কাকাণ্ডের পুঁথি যথাক্রমে ১৫০২ শক, ১০০৯ সন ও ১০০৮ সনে লিখিত। আলোচ্য বর্ষে শ্রীরামপুরের রামায়ণ সম্পাদক কর্ত্তৃক ও উক্ত বহু প্রাচীন পুঁথি গুলি সমিতির অন্যতম সদস্য শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু মহাশয় কর্ত্তৃক সংগৃহীত হয়। ১৩০৩ সালে সমিতির হস্তে ১২৫ বৎসরের অপেক্ষা প্রাচীন পুঁথি ছিল না। আলোচ্য বর্ষে নগেন্দ্রবাবু কর্ত্তৃক সংগৃহীত ৩০০ বৎসরের অধিক প্রাচীন পুঁথিগুলি হস্তগত হওয়াতে সমিতি সম্পাদনকার্য্যে বিশেষ সহায়তা প্রাপ্ত হইয়াছেন। কৃত্তিবাস সম্ভবতঃ ৪৫০ সাড়ে চারি শত বৎসর পূর্ব্বে রামায়ণ রচনা করেন। এই ৪৫০ সাড়ে চারি শত বৎসরে তাঁহার রচিত রামায়ণ এতই রূপান্তরিত হইয়াছে যে, কৃত্তিবাসের প্রকৃত পাঠোদ্ধার অতি কঠিন ব্যাপার হইয়া পড়িয়াছে। কারণ কোন দুই খানি পুঁথিতে পরস্পর পাঠের মিল নাই। সমিতি সম্প্রতি চারি শত বৎসর পূর্ব্বের লিখিত কয়েক খণ্ড পুঁথির সন্ধান পাইয়াছেন, এবং তাহা সংগ্রহের জন্য সবিশেষ যত্ন করিতেছেন। সম্পাদন কার্য্য দ্রুততর সম্পন্ন করিবার জন্য সম্পাদক গত ফাল্গুন মাস হইতে এক জন কর্ম্মচারী নিয়োগ করিয়াছেন। আশা করা যায় আগামী বর্ষে রামায়ণের কয়েক কাণ্ড মুদ্রিত হইয়া বিক্রয়ার্থ প্রস্তুত হইবে।

আলোচ্য বর্ষে শ্রীযুক্ত তারাণচন্দ্র রক্ষিত, শ্রীযুক্ত অমৃতলাল বসু ও শ্রীযুক্ত ধনকৃষ্ণ সেন মহাশয়গণ এই সমিতিতে যোগ দান করিয়াছেন।

(৩) কাশীদাসী মহাভারত-সমিতি—কাশীদাসী মহাভারতের প্রকৃত পাঠ নির্ণয় করিয়া একটি বিশুদ্ধ সংস্করণ প্রকাশ করা এই সমিতির উদ্দেশ্য। শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয় এই সমিতির সম্পাদক। ১৩০২ সালে মহাভারত সম্পাদনের ভার পরিষদ প্রফুল্ল বাবুর উপর অর্পিত করিয়া তাঁহার সহকারীরূপে শ্রীযুক্ত গোবিন্দলাল দত্ত ও শ্রীযুক্ত মহেন্দ্রনাথ বিদ্যানিধি মহাশয়দ্বয়কে নিযুক্ত করেন। এই তিন জন সভ্য লইয়া এই সমিতি গঠিত। আলোচ্য বর্ষে সমিতি ৩ খানি প্রাচীন পুথি সংগ্রহ করিয়াছেন। গত চৈত্র মাসে এক

খানি ৩২৫ বৎসরের প্রাচীন পুঁথি শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু মহাশয়ের হস্তগত হইয়াছে। আলোচ্য বর্ষে সমিতির সম্পাদক মহাশয়ের অসুস্থতা ও অনবকাশ-বশতঃ সমিতির কার্য্য অধিক দূর অগ্রসর হয় নাই। আশা করা যায় আগামী বর্ষে নগেন্দ্রবাবুর প্রাচীন পুঁথির সাহায্য পাইয়া সমিতির কার্য্য অনেকাংশে সুকর ও বহুদূর অগ্রসর হইবেক।

(৪) কবিকঙ্কণচণ্ডী সমিতি—১৩০৩ সালে কবিকঙ্কণচণ্ডীর বিশুদ্ধ সংস্করণ প্রণয়নের ভার প্রধানতঃ শ্রীযুক্ত পণ্ডিত মহেন্দ্রনাথ বিদ্যানিধি মহাশয়ের উপর অর্পিত হয় ও তাঁহার সাহায্যার্থ একটি সমিতি গঠিত হয়। নিম্নলিখিত ব্যক্তিগণ এই সমিতির সভ্য নিযুক্ত হইয়াছেন।—

১। শ্রীযুক্ত পণ্ডিত মহেন্দ্রনাথ বিদ্যানিধি। (সম্পাদক)
২। ,, ,, অতুলচন্দ্র গোস্বামী বিদ্যাবিনোদ।
৩। ,, বাবু অম্বিকাচরণ গুপ্ত।
৪। ,, ,, শিবাপ্রসন্ন ভট্টাচার্য্য বি, এল্।
৫। ,, ,, ব্যোমকেশ মুস্তফী।
৬। ,, ,, চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়।
৭। ,, ,, বীরেশ্বর পাঁড়ে।
৮। ,, ,, ক্ষেত্রপাল চক্রবর্ত্তী।
৯। ,, ,, নগেন্দ্রনাথ বসু।
১০। ,, ,, চারুচন্দ্র ঘোষ।
১১। ,, ,, হারাণচন্দ্র রক্ষিত।
১২। ,, ,, বাণীনাথ নন্দী।
১৩। ,, ,, অতুলচন্দ্র গোস্বামী।
১৪। ,, ,, রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী।
১৫। ,, মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী।

পূর্ব্ব সংগৃহীত পুঁথি ব্যতীত আলোচ্য বর্ষে আর ৩ খানি প্রাচীন পুঁথি ও ১ খানি সুপ্রাচীন মুদ্রিত পুস্তক সমিতির হস্তগত হইয়াছে। সমিতি সম্পাদন কার্য্য আরম্ভ করিবার পূর্ব্বে আরও কয়েক খানি প্রাচীন পুঁথি সংগ্রহের চেষ্টা

করিতেছেন। শ্রীযুক্ত অম্বিকাচরণ গুপ্ত মহাশয়ের নিকট যে প্রাচীন পুঁথি আছে, তাহার প্রতিলিপির সহিত অন্যান্য প্রাচীন পুঁথির পাঠের মেলন করিয়া সমিতি সম্পাদন কার্য্যে অগ্রসর হইবেন। সমিতির সম্পাদক মহাশয়ের প্রস্তাবে আলোচ্য বর্ষে মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী ও শ্রীযুক্ত রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী এই সমিতির সদস্য নিযুক্ত হইয়াছিলেন।

এই সমিতির ব্যবহারের জন্য শ্রীযুক্ত কানাইলাল ঘোষাল ও শ্রীযুক্ত ক্ষেত্রমোহন বসু মহাশয় পুঁথি দিয়া পরিষদের কৃতজ্ঞতাভাজন হইয়াছেন।

(৫) রামমোহনের রামায়ণ সমিতি—এই সমিতির সম্পাদক শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্,এ, পণ্ডিত শ্রীযুক্ত রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী এম্,এ, ও পণ্ডিত শ্রীযুক্ত মহেন্দ্রনাথ বিদ্যানিধি মহাশয় সম্পাদন কার্য্যে রামেন্দ্র বাবুর সহায়তা করিতেছেন। রামমোহনের রামায়ণের ২ খানি হস্তলিখিত পুঁথি সংগৃহীত হইয়াছে। এক খানি মুর্শিদাবাদ জেলার অন্তর্গত বেলডাঙ্গা গ্রামে ৺গোবিন্দজীবন হাজরার বাটী হইতে পরিষদের অন্যতম সদস্য শ্রীযুক্ত নীলরতন মুখোপাধ্যায় কর্ত্তৃক সংগৃহীত। দ্বিতীয় খানি গ্রন্থ-প্রণেতার ভ্রাতুষ্পুত্র শ্রীযুক্ত কালিদাস বন্দ্যোপাধ্যায়ের নিকট হইতে এই সমিতির সম্পাদক কর্ত্তৃক সংগৃহীত। ২য় গ্রন্থ খানি এক সময় গ্রন্থ-প্রণেতার নিজস্ব ছিল। ২য় পুঁথি খানি অবলম্বনে সম্পাদক উক্ত রামায়ণের মুদ্রণোপযোগী এক প্রতিলিপি প্রস্তুত করিয়াছেন। উহা পরিষৎ-কার্য্যালয়ে রক্ষিত আছে। রামমোহনের রামায়ণ অপেক্ষাকৃত আধুনিক গ্রন্থ। পরিষদ্ অনেকগুলি প্রাচীনতর গ্রন্থের উদ্ধার সাধনে উদ্যোগী হইয়াছেন। ঐ সকল গ্রন্থের অবিলম্বে প্রচার অত্যাবশ্যক। রামমোহনের রামায়ণ মুদ্রণে আপাততঃ পরিষদের অর্থ ব্যয় করা উচিত কি না, এই প্রশ্ন মীমাংসার জন্য সম্পাদক শীঘ্রই গ্রন্থ প্রকাশ সমিতির মত গ্রহণ করিবেন।

(৬) ঐতিহাসিক-সমিতি—১৩০৩ সালে পরিষদের পঞ্চম-মাসিক অধিবেশনে শ্রীযুক্ত মহেন্দ্রনাথ বিদ্যানিধি মহাশয়ের প্রস্তাবে ভারতবর্ষের ইতিহাসে উল্লিখিত মুসলমান সম্রাটগণের নামের প্রকৃত বাঙ্গালা বর্ণযোজনা ও ঐতিহাসিক ঘটনা সমূহের কাল নিরূপণ করিবার নিমিত্ত এই সমিতির সৃষ্টি হয়। এই সমিতির সম্পাদক শ্রীযুক্ত মহেন্দ্রনাথ বিদ্যানিধি মহাশয়। ইহার বর্ত্তমান সভ্য-সংখ্যা ১৬ ষোল জন। নিম্নে সভ্যদিগের নাম প্রদত্ত হইল

১। শ্রীযুক্ত পণ্ডিত মহেন্দ্রনাথ বিদ্যানিধি।
২। „ ক্ষীরোদচন্দ্র রায় চৌধুরী এম্, এ।
৩। „ হারাণচন্দ্র বন্দ্যোপাধ্যায় এম্, এ, বি, এল্।
৪। „ নগেন্দ্রনাথ বসু।
৫। „ রজনীকান্ত গুপ্ত।
৬। „ যজ্ঞেশ্বর বন্দ্যোপাধ্যায়।
৭। „ হরিসাধন মুখোপাধ্যায়।
৮। „ ব্যোমকেশ মুস্তফী।
৯। „ কৃষ্ণচন্দ্র রায়।
১০। „ ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় বি, এল্।
১১। „ যত্নগোপাল চট্টোপাধ্যায়।
১২। „ পঞ্চানন মুখোপাধ্যায়।
১৩। „ কুমুদকুমার মুখোপাধ্যায়।
১৪। „ প্রমথনাথ মিত্র।
১৫। „ রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী।
১৬। মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী।

আলোচ্য-বর্ষে এই সমিতির একটি অধিবেশন হইয়াছিল। তাহাতে স্থির হয় যে রাজা রাজেন্দ্রলাল মিত্র কর্তৃক সঙ্কলিত তালিকা অবলম্বনে মূল পারস্য গ্রন্থাদির সহিত ঐক্য করিয়া একটি নূতন তালিকা প্রস্তুত করা হইবে। আর ঐ তালিকা সঙ্কলনে পারস্য ভাষাভিজ্ঞ ব্যক্তিগণের সাহায্য গ্রহণ করা হইবে। এই সমিতির সম্পাদক মহাশয়ের অসুস্থতা ও অনবসর হেতু আলোচ্য-বর্ষে সমিতির কার্য্য আর অধিক দূর অগ্রসর হয় নাই।

আলোচ্য-বর্ষে সমিতির সম্পাদক মহাশয়ের প্রস্তাব মতে মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী ও পণ্ডিত শ্রীযুক্ত রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী মহাশয়দ্বয় এই সমিতির সদস্য নির্ব্বাচিত হইয়াছেন।

(৭) পরিভাষা-সমিতি—পরিষদের প্রথম বর্ষের তৃতীয় অধিবেশনে শ্রীযুক্ত রজনীকান্ত গুপ্ত মহাশয়ের প্রস্তাবে বিজ্ঞান, ভূগোল, গণিত প্রভৃতি বিষয়ের পারিভাষিক শব্দ প্রণয়নের নিমিত্ত এই সমিতির সৃষ্টি হয়। ইহার সভাপতি শ্রীযুক্ত কৃষ্ণকমল ভট্টাচার্য্য বি, এল্ মহাশয় ও সম্পাদক শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্, এ, মহাশয়। নিম্নলিখিত ব্যক্তিগণ এই সমিতির সভ্য আছেন—

১। শ্রীযুক্ত কৃষ্ণকমল ভট্টাচার্য্য বি, এল, (সভাপতি)।
২। মাননীয় বিচারপতি শ্রীযুক্ত গুরুদাস বন্দ্যোপাধ্যায় এম্, এ, বি, এল্।
৩। শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর।
৪। ,, বিপিনবিহারী গুপ্ত এম্, এ।
৫। ,, শারদারঞ্জন রায় এম, এ।
৬। ,, মহেন্দ্রনাথ বিদ্যানিধি।
৭। ,, রজনীকান্ত গুপ্ত।
৮। ,, দেবেন্দ্রনাথ মুখোপাধ্যায়।
৯। ,, রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী এম্, এ।
১০। ,, মাধবচন্দ্র চট্টোপাধ্যায়।
১১। ,, রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্, এ।

সমিতির সম্পাদক মহাশয়ের শারীরিক অসুস্থতা ও অনবকাশ জন্য আলোচ্য-বর্ষে এই সমিতির কার্য্য অধিক দূর অগ্রসর হয় নাই। আগামী বর্ষে যাহাতে কার্য্য সুচারুরূপে চলে, তাহার জন্য সম্পাদক মহাশয় ব্যবস্থা করিয়াছেন। আগামী বর্ষের জন্য যে কর্ত্তব্য ও কার্য্য প্রণালী নির্দ্ধারিত হইয়াছে, তাহার বিবরণ নিম্নে প্রদত্ত হইল। আলোচ্য-বর্ষে পরিভাষা সঙ্কলন কার্য্য কতদূর অগ্রসর হইয়াছে, তাহা নিম্নোক্ত বিবরণে দৃষ্ট হইবে।

(ক) ১৩০৩ সালে প্রচারিত ভৌগোলিক পরিভাষা আলোচ্য-বর্ষে অনেক স্থলে সমালোচিত হইয়াছিল সমালোচনার বিচার ও তদনুসারে উক্ত ভৌগোলিক পরিভাষার সংশোধন সমিতির, প্রথম কার্য্য হইবে।

(খ) বৈদেশিক ভৌগোলিক নাম অক্ষরান্তরিত করিবার ব্যবস্থা-নির্দ্দেশ, সমিতির দ্বিতীয় কার্য্য হইবে।

(গ) সমিতির সম্পাদক মহাশয়ের অনুরোধে শ্রীযুক্ত সখারাম গণেশ দেউস্কর মহাশয় আলোচ্য-বর্ষে পরিষৎ পত্রিকায় যে প্রবন্ধ প্রকাশিত করেন, তাহা দ্বারা প্রমাণিত হইয়াছে যে, ভারতবর্ষেরই বিবিধ ভৌগোলিক নাম বাঙ্গালায় বিকৃত ভাবে উচ্চারিত ও লিখিত হইয়া থাকে। এ বিষয়ে কর্ত্তব্য-নির্দ্দেশ, সমিতির তৃতীয় কার্য্য।

(ঘ) রাসায়নিক পরিভাষা সম্বন্ধে সমিতির সম্পাদক মহাশয়ের লিখিত প্রস্তাবের দুইটি সমালোচনা আলোচ্য-বর্ষের পরিষৎ-পত্রিকায় প্রকাশিত হইয়াছিল। কটক কলেজের অধ্যাপক শ্রীযুক্ত যোগেশচন্দ্র রায় মহাশয় বৈজ্ঞানিক

পরিভাষা সঙ্কলন বিষয়ে বিশেষ উৎসাহ দেখাইয়াছেন। পরিষদ্ তজ্জন্ত তাঁহার নিকট কৃতজ্ঞতা প্রকাশ করিতেছেন। তাঁহার প্রণীত রসায়ন বিষয়ক নূতন গ্রন্থ এ বিষয়ে বিশেষ সাহায্য করিবে, সম্পাদক এইরূপ আশা করেন।

(ঙ) পদার্থবিদ্যা বিষয়ক পরিভাষা সঙ্কলনে সম্পাদক মহাশয় সম্প্রতি নিযুক্ত আছেন। এ সম্বন্ধে তাঁহার প্রস্তাব শীঘ্র সমিতির বিবেচ্য হইবে। শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর মহাশয় তত্ত্ববোধিনী সভার গ্রন্থালয় হইতে এই বিষয়ের দুই খানি পুরাতন গ্রন্থ সম্পাদককে ব্যবহারের জন্য দিয়া তাঁহাকে ও সাহিত্য-পরিষদকে কৃতজ্ঞতাপাশে বদ্ধ করিয়াছেন। প্রথম গ্রন্থখানি— জন মার্ক সাহেব কর্তৃক শ্রীরামপুর প্রেস হইতে ১৮০৪ সালে প্রকাশিত 'কিমিয়া বিদ্যার সার', সম্ভবতঃ রসায়ন শাস্ত্রে বাঙ্গালা ভাষায় এই সর্ব্বপ্রথম গ্রন্থ। দ্বিতীয় গ্রন্থ খানি ১৮২৫ সালে গভর্ণমেণ্ট লিথোগ্রেফিক যন্ত্রে মুদ্রিত— পিটার ব্রেনটন কর্তৃক সঙ্কলিত 'বৈজ্ঞানিক-অভিধান'।

(চ) জ্যোতির্ষিক পরিভাষা সম্বন্ধে সমিতির অন্যতম সদস্য শ্রীযুক্ত মাধবচন্দ্র চট্টোপাধ্যায় মহাশয় বিবিধ মাসিক পত্রে লিখিত প্রবন্ধ সমূহে জ্যোতিষিক পারিভাষিক শব্দের তালিকা প্রকাশিত করিয়া এ বিষয়ে সমিতির কার্য্য অনেকটা অগ্রসর করিয়াছেন। পরিষদ্ তজ্জন্য তাঁহার নিকট কৃতজ্ঞতা প্রকাশ করিতেছেন।

(ছ) সমিতির অন্যতম সভ্য শ্রীযুক্ত হারাণচন্দ্র বন্দ্যোপাধ্যায় এম্, এ, মহাশয় সম্পাদকের অনুরোধে ভাস্করাচার্য্য ব্যবহৃত গণিত পারিভাষিক শব্দের একটি তালিকা সঙ্কলন করিয়া দিয়াছেন এবং গণিতের একটি বিস্তৃত পরিভাষা সঙ্কলনে সাহায্য করিতে প্রতিশ্রুত হইয়াছেন। তজ্জন্য পরিষদ তাঁহার নিকট কৃতজ্ঞতা প্রকাশ করিতেছেন। সম্পাদক মহাশয় স্বয়ংও গণিতের পরিভাষা সঙ্কলনে যত্নপর হইয়াছেন।

(৮) উদ্ভিদ্-পরিভাষা-সমিতি—১৩০২ সালের দশম অধিবেশনে শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত মহাশয়ের প্রস্তাবে উদ্ভিদ্ শাস্ত্র সম্বন্ধীয় পরিভাষা স্থির করিবার জন্য এই সমিতি গঠিত হয়। এ সমিতির বর্তমান সম্পাদক শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয়। নিম্নলিখিত ব্যক্তিগণ এই সমিতির সভ্য আছেন—

১। ডাক্তার শ্রীযুক্ত অমূল্যচরণ বসু এম্, বি।
২। শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু।
৩। কবিরাজ শ্রীযুক্ত লক্ষ্মীনারায়ণ রায়।
৪। ,, ,, মনোমোহন সেন গুপ্ত কবিরত্ন।
৫। শ্রীযুক্ত নৃত্যগোপাল মুখোপাধ্যায়।
৬। ,, রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্, এ, (সম্পাদক)।

নিকুঞ্জবিহারী দত্ত মহাশয় ইংরাজিতে ব্যবহৃত উদ্ভিদ্ শাস্ত্র প্রচলিত পারিভাষিক শব্দ সমূহের একটি তালিকা সঙ্কলিত করিয়া এবং তাহার মধ্যে অনেক গুলি শব্দের বাঙ্গালা প্রতিশব্দ নির্দ্দেশ করিয়া সমিতির কার্য্য অপেক্ষাকৃত সুকর করিয়া দিয়াছেন। পরিষদ্ তজ্জন্য তাঁহাকে ধন্যবাদ দিতেছেন। ত্রিবেদী মহাশয় সম্পাদক হইবার পর এ বিষয়ে কার্য্যে প্রবৃত্ত হইবার জন্য উদ্ভিদ্ বিষয়ক গ্রন্থাদি ও অভিধান সংগ্রহ করিতেছেন। আশা করা যায় আগামী বর্ষে এ সমিতির কার্য্য অনেকটা অগ্রসর হইবে।

(৯) ভাষা ও ব্যাকরণ-সমিতি—আলোচ্য-বর্ষের চতুর্থ অধিবেশনে শ্রীযুক্ত রজনীকান্ত গুপ্ত মহাশয়ের প্রস্তাবানুসারে উক্ত সমিতি প্রতিষ্ঠিত হয়। বাঙ্গালা ভাষার ব্যাকরণ সম্বন্ধে আলোচনা করা, বিশেষ বিশেষ শব্দের বর্ণ-বিন্যাস যাহাতে একরূপ হয় তাহার ব্যবস্থা করা, ভাষার গাম্ভীর্য্য, লালিত্য ও বিশুদ্ধি কিরূপে রক্ষিত হইতে পারে তাহার সমালোচনা করা, যে সকল বৈদেশিক শব্দ বাঙ্গালা ভাষায় প্রবিষ্ট হইয়াছে এবং যে সকল প্রাদেশিক শব্দ ভিন্ন ভিন্ন স্থানে প্রচলিত আছে, তাহার তালিকা সঙ্কলন করা—প্রধানতঃ এই সমিতির উদ্দেশ্য। ইহার সম্পাদক শ্রীযুক্ত রজনীকান্ত গুপ্ত মহাশয়। যাঁহারা এই সমিতির সদস্য নিযুক্ত হইয়াছেন, তাঁহাদের নাম নিম্নে লিখিত হইল—

১। শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ ঠাকুর।
২। ,, রায় কালীপ্রসন্ন ঘোষ বাহাদুর।
৩। ,, অক্ষয়চন্দ্র সরকার।
৪। ,, হরপ্রসাদ শাস্ত্রী।
৫। ,, চন্দ্রনাথ বসু।
৬। ,, ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়।
৭। ,, রবীন্দ্রনাথ ঠাকুর।
৮। ,, কৃষ্ণকমল ভট্টাচার্য্য।

৯। শ্রীযুক্ত মাননীয় গুরুদাস বন্দ্যোপাধ্যায়।
১০। " চন্দ্রোদয় বিদ্যাবিনোদ।
১১। " মহেন্দ্রনাথ বিদ্যানিধি।
১২। " বীরেশ্বর পাড়ে।
১৩। " রায় যতীন্দ্রনাথ চৌধুরী।
১৪। " শিবাপ্রসন্ন ভট্টাচার্য্য।
১৫। " অমৃতলাল বসু।
১৬। " উমেশচন্দ্র বটব্যাল।
১৭। " মহামহোপাধ্যায় মহেশচন্দ্র ন্যায়রত্ন
১৮। " চন্দ্রকান্ত তর্কালঙ্কার।
১৯। " হীরেন্দ্রনাথ দত্ত।
২০। " রজনীকান্ত গুপ্ত।
২১। " রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী।
২২। " নকুলেশ্বর ভট্টাচার্য্য।

আলোচ্য-বর্ষে এই সমিতির একটি অধিবেশন হইয়াছিল। ঐ অধিবেশনে সম্পাদক মহাশয়ের প্রস্তাব মতে যে নির্দ্ধারণ হয়, তদনুসারে ব্যাকরণ সম্বন্ধে কয়েকটি প্রয়োজনীয় প্রশ্নের উত্থাপন করিয়া সদস্য মহোদয়গণের মতামতের জন্য পাঠান হইয়াছে। ঐ সঙ্গে সমিতির সদস্য মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় কর্তৃক লিখিত বাঙ্গালা ব্যাকরণ বিষয়ক একটি প্রস্তাব প্রেরিত হইয়াছে। বিচার্য্য বিষয় কয়টি সম্বন্ধে সদস্য মহোদয়গণ অভিমত প্রকাশিত করিলে, সে গুলির মীমাংসা হইবে। তৎপরে সমিতি ভাষা ও ব্যাকরণ সম্বন্ধে অন্যান্য বিষয়ে হস্তক্ষেপ করিবে।

**(১০) প্রাচীন-শব্দ-সমিতি**—আলোচ্য-বর্ষের ষষ্ঠ অধিবেশনে শ্রীযুক্ত বীরেশ্বর পাড়ে মহাশয়ের প্রস্তাবানুসারে এই সমিতি প্রতিষ্ঠিত হয়। সমিতির উদ্দেশ্য, সংস্কৃত ও প্রাচীন বাঙ্গালা গ্রন্থ হইতে দর্শন, বিজ্ঞান, শিল্প, বাণিজ্য প্রভৃতি বিষয়ক শব্দ সঙ্কলন করিয়া প্রাচীন কালে ব্যবহৃত দ্রব্যাদির নাম বিবরণ পুরাতত্ত্ব প্রভৃতি নির্ণয় করা। সমিতির সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু মহাশয়। যাঁহারা সমিতির সদস্য নিযুক্ত হইয়াছেন নিম্নে তাঁহাদিগের নাম লিখিত হইল।

১। শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু।
২। " দ্বিজেন্দ্রনাথ ঠাকুর।

৩। শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী।
৪। „ রায় কালীপ্রসন্ন ঘোষ বাহাদুর।
৫। „ অক্ষয়চন্দ্র সরকার।
৬। „ চন্দ্রনাথ বসু।
৭। „ রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী।
৮। „ মহেন্দ্রনাথ বিদ্যানিধি।
৯। „ অতুলচন্দ্র গোস্বামী।
১০। „ হারাণচন্দ্র রক্ষিত।
১১। „ হীরেন্দ্রনাথ দত্ত।
১২। „ সতীশচন্দ্র বিদ্যাভূষণ।
১৩। „ তিনকড়ি মুখোপাধ্যায়।
১৪। „ ক্ষীরোদচন্দ্র রায় চৌধুরী।
১৫। „ শরচ্চন্দ্র শাস্ত্রী।
১৬। „ কবিরাজ রামচন্দ্র বিদ্যাবিনোদ।
১৭। „ কুমুদকুমার মুখোপাধ্যায়।
১৮। „ রবীন্দ্রনাথ ঠাকুর
১৯। „ ক্ষিতীন্দ্রনাথ ঠাকুর।
২০। „ ডাক্তার চুণীলাল বসু।
২১। „ ব্যোমকেশ মুস্তফি।
২২। „ কানাইলাল ঘোষাল।
২৩। „ দীনেশচন্দ্র সেন।
২৪। „ প্রমথনাথ মিত্র।
২৫। „ রসিকলাল ঘোষ।
২৬। „ শিবাপ্রসন্ন ভট্টাচার্য্য।
২৭। „ ক্ষেত্রমোহন সেন গুপ্ত বিদ্যারত্ন
২৮। „ বীরেশ্বর পাঁড়ে।

আলোচ্য বর্ষের ১৮ই মাঘ তারিখে এই সমিতির অধিবেশন হইয়াছিল। তাহাতে সমিতির কার্য্য-প্রণালী স্থির হইয়া কোন্ সদস্য কোন্ বিষয়ে শব্দ সংগ্রহের ভার গ্রহণ করিবেন, তাহা জানিবার ব্যবস্থা করা হয়। সমিতির সদস্য মহোদয়গণ স্ব স্ব রুচি অনুসারে কিরূপে বিষয় বিভাগ করিয়া লইয়াছেন, তাহা নিম্নোক্ত তালিকা হইতে দৃষ্ট হইবে। আশা করা যায় আগামী বর্ষে সমিতির কার্য্য অনেক দূর অগ্রসর হইবে।

শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ ঠাকুর—(দার্শনিক শব্দ)।
,, শরচ্চন্দ্র শাস্ত্রী—(সংস্কৃত ও বৌদ্ধগ্রন্থ হইতে সকল প্রকার শব্দ)।
,, সতীশচন্দ্র বিদ্যাভূষণ—(সংস্কৃত ও বৌদ্ধগ্রন্থ হইতে দার্শনিক শব্দ)।
,, মহেন্দ্রনাথ বিদ্যানিধি—(অধুনা অপ্রচলিত বাঙ্গালা শব্দ)।
,, রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী এম এ—(সকল প্রকার শব্দ)।
,, রসিকলাল ঘোষ—(কৃষি ও বাণিজ্য বিষয়ক শব্দ)।
,, কুমুদকুমার মুখোপাধ্যায়— ,, ,,
,, হীরেন্দ্রনাথ দত্ত এম্ এ, বি এল্—(দার্শনিক শব্দ)
,, কানাইলাল ঘোষাল—(দেশজ শব্দ এবং Phrase & idioms.

শাখা-সমিতির সম্পাদক ও সদস্য মহাশয়গণ পরিষদের মুখ্য উদ্দেশ্য সাধনার্থ শ্রম ও আয়াস স্বীকার করিয়া পরিষদ্‌কে ঋণী করিয়াছেন। পরিষদ্ এই অবসরে গ্রন্থ প্রকাশ ও প্রাচীন শব্দ-সমিতির সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু মহাশয়কে, কৃত্তিবাস-সমিতির সম্পাদক শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত মহাশয়কে, কাশীদাসী-সমিতির সম্পাদক শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয়কে, পরিভাষা উদ্ভিদ ও রাম-মোহনের রামায়ণ-সমিতির সম্পাদক শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয়কে, ঐতিহাসিক এবং কবিকঙ্কণ-সমিতির সম্পাদক শ্রীযুক্ত মহেন্দ্রনাথ বিদ্যানিধি মহাশয়কে ও ভাষা ও ব্যাকরণ-সমিতির সম্পাদক শ্রীযুক্ত রজনীকান্ত গুপ্ত মহাশয়কে বিশেষ ভাবে ধন্যবাদ দিতেছেন।

উপসংহার—পরিশেষে পরিষদের সভ্য, কষ্টকারক, সহানুভূতি কারক ও অনুগ্রাহকবর্গকে যথাযোগ্য ধন্যবাদ ও প্রীতি সম্ভাষণ করিয়া চতুর্থ বৎসরের কার্য্য বিবরণ সমাপ্ত করা যাইতেছে। শ্রীযুক্ত রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুর আশ্রয় দান ও নানা বিষয়ে সহায়তা করিয়া এই সাহিত্য পরিষদকে রক্ষা করিয়াছেন ও করিতেছেন। তাঁহার ঐকান্তিক যত্ন ও উৎসাহের ফলে ইহা দিন দিন উন্নতির পথে অগ্রসর হইতেছে। তাঁহার নিকট পরিষদ্ বিশেষ ভাবে কৃতজ্ঞ আছেন এবং এই অবসরে তাঁহাকে আন্তরিক ধন্যবাদ দিতেছেন।

পরিষদ এখনও শিশুকাল অতিক্রম করেন নাই। ইহারই মধ্যে পরিষদ্ বঙ্গভাষা ও সাহিত্যের নানা হিতকর কার্য্যে হস্তক্ষেপ করিয়াছেন। পরিষদের কার্য্যক্ষেত্র অনন্ত বিস্তৃত। বিবিধ শাস্ত্রের পরিভাষা সঙ্কলন, প্রাচীন বাঙ্গালা কাব্যাদির সংগ্রহ ও প্রকাশ, বঙ্গভাষার ব্যাকরণ ও অভিধান প্রণয়ন, ভাষান্তর হইতে উৎকৃষ্ট গ্রন্থাদির অনুবাদ, দর্শন, বিজ্ঞান, ইতিহাসাদি সকল প্রকার

সাহিত্যের আলোচনা, এ সকলই পরিষদের বিরাট উদ্দেশ্যের অন্তর্ভূত। পরিষদ্ এ পর্য্যন্ত যে কয়টি বিষয়ের অনুষ্ঠানে প্রবৃত্ত হইয়াছেন তাহার প্রত্যেকটিই বহু শ্রম, ব্যয় ও সময় সাপেক্ষ। তাহাদিগের অনুষ্ঠান কার্য্যে পরিণত হইলে যে বঙ্গভাষা ও সাহিত্যের অজস্র কল্যাণ সাধিত হইবে, তাহা বলা নিষ্প্রয়োজন। এখনও যে পরিষদ আরব্ধ অনুষ্ঠানের সমাপ্তি সাধন করিতে পারেন নাই, বিবিধ কার্য্য প্রযুক্ত চেষ্টার সফলতা লাভ করিতে পারেন নাই তাহাতে ক্ষোভ বা বিস্ময়ের কোন কারণ নাই। পরিষদ অক্ষুণ্ণ উৎসাহে নব অনুরাগে ও উদ্যম সহকারে পঞ্চম বর্ষের কার্য্যারম্ভ করিতেছেন। এক্ষণে দেশের বিদ্যোৎসাহী ও সাহিত্যানুরাগী মহোদয়গণ এই পরিষদের প্রতি সস্নেহ ও সানুকূল দৃষ্টিপাত করেন এবং পরিষদের প্রবর্ত্তিত সদনুষ্ঠান সমূহে উৎসাহ ও ঐকান্তিকতার সহিত যোগদান করেন ইহাই তাঁহাদিগের নিকট সবিনয় প্রার্থনা।

সাহিত্য-পরিষৎ-কার্য্যালয়
১০৯।১ নং গ্রেষ্ট্রীট
৩০শে চৈত্র, ১৩০৪ সাল।

কার্য্য নির্ব্বাহক সমিতির অনুমতিক্রমে
শ্রীহীরেন্দ্রনাথ দত্ত
অবৈতনিক সম্পাদক।

বঙ্গীয়-সাহিত্য-পরিষদের ১৩০৪ সালের বার্ষিক আয় ব্যয় বিবরণী।

| আয় | | ব্যয় | |
|---|---|---|---|
| মাসিক চাঁদা প্রাপ্তি ... | ১২১৭॥০ | বেতনের ব্যয় ... | ২৮২ /১৫ |
| প্রবেশিকা প্রাপ্তি ... | ৬১৲ | পত্রিকা মুদ্রণের ব্যয় ... | ৭৪২।৵৫ |
| পত্রিকার মূল্যপ্রাপ্তি ... | ৩৭৲ | বিবিধ বিষয় মুদ্রণের ব্যয় | ১৩৭॥৶১০ |
| হীরক জুবিলির চাঁদা ... | ৯৯৲ | ডাকমাশুল ... | ১৭৩/১৫ |
| খরচ জমা ... | ৪৯।৴০ | পুস্তক ক্রয়ের ব্যয় ... | ৪২৲ |
| গ্রন্থ-প্রকাশ-সমিতির তহবিল হইতে প্রাপ্তি ... | ২০০৲ | সরঞ্জামী ... | ১০৫৶১০ |
| গত বর্ষের মজুত টাকা | ১৭৮/১৫ | হাওলাতি ... | ৩৲ |
| | | গ্রন্থ প্রকাশ সমিতির ব্যয় | ২০০৲ |
| | ১৮৩২৸৵১৫ | ফেরত খরচ ... | ১০৩৸৵৫ |
| | | | ১৭৮৯।৶০ |
| | | ১৩০৪ সালের শেষে মজুত | ৪৩৸৶১৫ |
| | | | ১৮৩২৸৵১৫ |

শ্রীরামেন্দ্রসুন্দর ত্রিবেদী
আয় ব্যয় পরীক্ষক।

শ্রীহীরেন্দ্রনাথ দত্ত
সম্পাদক।

# বঙ্গীয় সাহিত্য-পরিষদের

## ষষ্ঠ বার্ষিক কার্য্যবিবরণ।

১৩০৬ বঙ্গাব্দ।

---

**বঙ্গীয় সাহিত্য-পরিষৎ** ষষ্ঠ বর্ষ অতিক্রম করিয়া সপ্তম বর্ষে পদার্পণ করিয়াছে। ১৩০১ সালের প্রথমে যখন ভূতপূর্ব্ব "বেঙ্গল একাডেমী অফ্ লিটারেচার" পুনর্গঠিত হইয়া বর্ত্তমান বঙ্গীয় সাহিত্য-পরিষদে পরিণত হয়, তখন ইহার সভ্যসংখ্যা ২৯ জন মাত্র ছিল। গত ছয় বর্ষে তাহা বর্দ্ধিত হইয়া আলোচ্য ১৩০৬ বঙ্গাব্দের শেষে ৩৫২ জন হইয়াছে। ইহা-দ্বারা স্পষ্ট প্রতীয়মান হইতেছে, দিন দিন দেশের গণ্য, মান্য, শিক্ষিত, বিদ্যানুরাগী, রাজা ও জমীদার শ্রেণীর লোকে পরিষদের প্রতি আকৃষ্ট হইতেছেন। পরিষৎকর্ত্তৃক ক্রমে মাতৃভাষার উন্নতি ও পরিপুষ্টি-পক্ষে কিছু না কিছু কাজ যে হইবে, তাহাও তাঁহারা বিশ্বাস করিতেছেন। এই ছয় বৎসরে, পরিষদের উদ্দেশ্যানুযায়ী কার্য্য আশানুরূপ সাধিত না হইলেও, বাঙ্গালা সাহিত্যসেবিগণের মধ্যে পরিষদের আদর দিন দিন বর্দ্ধিতই হইতেছে। এক্ষণে আশা করা যায়, পরিষৎ দিন দিন স্বীয় কার্য্য-সাধনে অধিকতর তৎপর হইয়া, সাধারণের নিকট অধিকতর অনুগ্রহ-ভাজন হইবার উপযুক্ত হইবেন।

**বঙ্গীয় সাহিত্য-পরিষৎ** শুভ সপ্তম বৎসরে পদার্পণ করায় পরিষদের কার্য্য-নির্ব্বাহক সমিতি সভ্যবর্গের ও সাধারণের হস্তে পরিষদের ষষ্ঠ বর্ষের ( ১৩০৬ সালের ) নিম্নলিখিত কার্য্যবিবরণ অর্পণ করিতেছেন।

**কার্য্যালয় পরিবর্ত্তন,**—আলোচ্য বর্ষে পরিষদের কার্য্যালয়ের পরিবর্ত্তন হইয়াছে। পরিষদের জন্মাবধি, এমন কি, তাহার পূর্ব্বাবস্থা

"বেঙ্গল একাডেমী অফ্ লিটারেচার" যে দিন প্রথম স্থাপিত হয়, সেই দিন হইতেই, তাহা শোভাবাজারের রাজবংশীয়, বিদ্যোৎসাহী রাজা শ্রীযুক্ত বিনয়-কৃষ্ণ দেব বাহাদুরের ভবনে অবস্থিত ছিল। আলোচ্য বর্ষের শেষাংশে অর্থাৎ ১৩০৬ বঙ্গাব্দের ৩রা ফাল্গুন (১৯ ফেব্রুয়ারী ১৯০০), বুধবার সাড়ে পাঁচটার সময় পরিষদের পূর্ব্ব কার্য্যালয় ১০৬।১ গ্রে ষ্ট্রীট, রাজা শ্রীযুক্ত বিনয়কৃষ্ণ দেব বাহাদুরের ভবনে পরিষদের এক বিশেষ অধিবেশন হয়, তাহাতে শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর-প্রমুখ একাদশ জন সভ্যের প্রস্তাবে এবং সর্ব্বসম্মতিক্রমে পরিষৎ কার্য্যালয় সম্প্রতি ১৩৭।১নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীটে ভাড়াটিয়া বাটীতে উঠিয়া আসিয়াছে। তদবধি পরিষদের কার্য্য এই স্থানেই হইতেছে।

**সভ্যসংখ্যা,**—আলোচ্য বর্ষের প্রারম্ভে অর্থাৎ ১৩০৬ সালের প্রথমে ৩৪৮ জন সভ্য লইয়া পরিষৎ কার্য্য আরম্ভ করেন। পরে আলোচ্য বর্ষের বিভিন্ন মাসিক অধিবেশনে ৩১৮ জন সাধারণ সভ্য নির্ব্বাচিত হন; তন্মধ্যে ১৩০৫ সালের নিয়মাবলীর ৯ম নিয়মানুসারে ২৫১ জনের নিকট প্রবেশিকা না পাওয়ায়, এখন পর্য্যন্ত তাঁহাদিগকে সভ্যশ্রেণীভুক্ত করা হয় নাই। এতদ্ভিন্ন আলোচ্য বর্ষে ৫৯ জন সভ্য পদত্যাগ করিয়াছেন ও ৪ জন পরলোকগত হইয়াছেন, সুতরাং আলোচ্য বর্ষে পরিষদের মোট ৬৩ জন সভ্য হ্রাস হইয়াছে। এই ৬৩ জনকে বাদ দিয়া ও প্রবেশিকা-প্রদাতা ৬৭ জনকে ধরিয়া আলোচ্যবর্ষের শেষে পরিষদের সভ্যসংখ্যা মোট ৩৫২ জন হইয়াছে। যে ২৫১ জনের নিকট এখনও প্রবেশিকা পাওয়া যায় নাই বলিয়া, তাঁহাদিগকে বিধিসিদ্ধ সভ্য বলিয়া ধরা হইল না, তাঁহাদিগের মধ্যে ২৩৭ জন পরিষদের শেষ দুই মাসিক অধিবেশনে নির্ব্বাচিত হইয়াছেন এবং তাঁহাদের মধ্যে অনেকেই মফস্বলবাসী; কাজেই আলোচ্য বর্ষের শেষ কয়েক দিনের মধ্যে তাঁহাদের নিকট হইতে প্রবেশিকাদি আসিয়া পৌঁছায় নাই এবং অনেক সভ্যকে ১৩০৬ সালের মধ্যে নির্ব্বাচন-সংবাদ প্রেরণ করা হয় নাই। আশা করা যায়, আগামী বর্ষের অর্থাৎ ১৩০৭ সালের প্রথমেই তাঁহারা প্রবেশিকাদি পাঠাইয়া দিবেন এবং নববর্ষের প্রারম্ভেই পরিষদের একবারে অনেকগুলি সভ্য বাড়িয়া যাইবে। (সভ্যগণের নামের তালিকা "ক" পরিশিষ্টে দ্রষ্টব্য।)

**সভ্যের মৃত্যু,**—আলোচ্য বর্ষে পরিষদের ৪ জন সভ্যের

মৃত্যু হইয়াছে, তন্মধ্যে দুইটি বিশিষ্ট সভ্য এবং দুইটি সাধারণ সভ্য। বিশিষ্ট সভ্যের মধ্যে ৺রাজনারায়ণ বসুর ও সার্ উইলিয়ম হাণ্টারের মৃত্যু হইয়াছে। বাঙ্গালা-সাহিত্য-সংসারে চির-সুপরিচিত রাজনারায়ণ বসু মহাশয়ের মৃত্যুতে পরিষদের এবং বাঙ্গালা-সাহিত্যের যে ক্ষতি হইয়াছে, তাহা সহজে পূর্ণ হইবে না। যখন বাঙ্গালা-সাহিত্য কেবল গঠিত হইতে আরম্ভ হইয়াছিল, সেই সময় হইতে মরণকালপর্য্যন্ত ৺রাজনারায়ণ বসু মহাশয় বাঙ্গালা-সাহিত্যের উন্নতি-কল্পে যাহা করিয়া গিয়াছেন, তাহার ঋণ বঙ্গদেশ কোন দিন পরিশোধ করিতে পারিবে না। ৺রাজনারায়ণ বসু মহাশয়ই সর্ব্বপ্রথমে বাঙ্গালা-সাহিত্যের ইতিহাস-সঙ্কলনের পথ দেখাইয়া গিয়াছেন। ভূতপূর্ব্ব "বেঙ্গল একাডেমী অফ্ লিটারেচার"কে বর্ত্তমান "বঙ্গীয় সাহিত্য পরিষদের আকারে গঠিত করিবার পক্ষে ৺রাজনারায়ণ বসু মহাশয়ও একজন বিশেষ উদ্‌যোক্তা ছিলেন। পরিষদের নিকট এজন্যও তাঁহার নাম চিরস্মরণীয় হইয়া রহিল। সার্ উইলিয়ম হাণ্টার ঐতিহাসিক সাহিত্যে সমস্ত জগতে সুপ্রতিষ্ঠ ছিলেন। ভারতবর্ষ-সংক্রান্ত নানা বিষয়ে উৎকৃষ্ট উৎকৃষ্ট পুস্তক লিখিয়া তিনি শিক্ষিত ভারত-বাসিমাত্রকেই কৃতজ্ঞতা-পাশে বদ্ধ করিয়া গিয়াছেন। সাধারণ সভ্যের মধ্যে সার্ রমেশচন্দ্র মিত্র এবং বলেন্দ্রনাথ ঠাকুরের মৃত্যু হইয়াছে। সার্ রমেশচন্দ্র মিত্র মহোদয়ের মৃত্যুতে পরিষৎ যে কেবল এক হিতৈষী ও উৎসাহী বন্ধু হারাইয়াছেন, এমন নহে; তাঁহার মৃত্যুতে সমস্ত ভারতবর্ষ এক অতি উজ্জ্বল রত্ন ও গৌরবস্থল হারাইয়াছেন। ৺বলেন্দ্রনাথ ঠাকুরের অল্পবয়সে অকালমৃত্যুও পরিষদের পক্ষে এক দুঃখের বিষয় হইয়াছে। তিনি অল্প বয়সেই সাহিত্যক্ষেত্রে যেরূপ যশ উপার্জ্জন করিতেছিলেন, দীর্ঘকাল জীবিত থাকিলে বাঙ্গালা সাহিত্যে তিনি যে অনেক কাজ করিয়া যাইতেন, তাহার আর সন্দেহ নাই। এই সকল সভ্যের মৃত্যুতে পরিষৎ অতিশয় দুঃখিত হইয়াছেন এবং পরিষদের যে বিশেষ ক্ষতি হইয়াছে, তাহা বলা বাহুল্য মাত্র।

**বিশিষ্ট সভ্য,**—পরিষদের নিয়ম আছে, পরিষদে বারজন বিশিষ্ট সভ্য থাকিতে পারেন। আলোচ্য বর্ষে একাদশ জন বিশিষ্ট সভ্য ছিলেন এবং একটি পদ শূন্য ছিল। আলোচ্য বর্ষে পূর্ব্বোক্ত দুইজন বিশিষ্ট

সভ্যের মৃত্যু হওয়ায় আরও দুইটি পদ শূন্য হইয়াছে। অবশিষ্ট আট জন বিশিষ্ট সভ্যের নাম নিম্নে প্রদত্ত হইল।

১। শ্রীযুক্ত চন্দ্রনাথ বসু এম্ এ, বি, এল।
২। " হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় বি, এ, বি, এল্।
৩। " নবীনচন্দ্র সেন বি, এ।
৪। " রায় কালীপ্রসন্ন ঘোষ বাহাদুর।
৫। সার্ উইলিয়ম ওয়েডারবার্ণ্।
৬। মিঃ জন বীম্স্।
৭। শ্রীযুক্ত রমেশচন্দ্র দত্ত সি, আই, ই।
৮। " দ্বিজেন্দ্রনাথ ঠাকুর।

**সভ্যের পদত্যাগ,**—আলোচ্য বর্ষে যে ৫৯ জন সভ্য পদত্যাগ করিয়াছেন, তাঁহাদের মধ্যে আলোচ্য বর্ষের শেষাংশেই ২৮ জনের পদত্যাগ সংবাদ পাওয়া গিয়াছে। ইঁহাদের মধ্যে অনেকেই পরিষদের হিতৈষী ও উৎসাহী সভ্য ছিলেন। তাঁহাদের পদত্যাগ পরিষদের পক্ষে বিশেষ কষ্টকর হইয়াছে। যাঁহারা পদত্যাগ করিয়াছেন, তাঁহাদের মধ্যে পণ্ডিত শ্রীযুক্ত রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী এম্, এ, পণ্ডিত শ্রীযুক্ত মহেন্দ্রনাথ বিদ্যানিধি এবং শ্রীযুক্ত প্রতুলচন্দ্র বসু মহাশয়ের নাম বিশেষরূপে উল্লেখযোগ্য। তাঁহারা যত দিন পরিষদের সভ্য ছিলেন, ততদিন পরিষদের উন্নতিকল্পে যথেষ্ট যত্ন ও পরিশ্রম করিয়াছিলেন; এজন্য পরিষৎ তাঁহাদের নিকট কৃতজ্ঞ রহিলেন।

**অধিবেশনাদি,**—আলোচ্য বর্ষে পরিষদের এগারটী মাসিক অধিবেশন, সাতটি বিশেষাধিবেশন এবং সমস্ত শাখা-সমিতির একটি সমবেত অধিবেশন হইয়াছিল। মাসিক অধিবেশনগুলির কোনটিতে উপস্থিত সভ্য সংখ্যা ৪৮ জনের অধিক এবং ১৬ জনের কম হয় নাই। বিশেষ অধিবেশন গুলির কোনটিতে উপস্থিতির সংখ্যা ২৪ জনের কম হয় নাই। শাখাসমিতি-গুলির সাধারণ অধিবেশনে সকল সমিতিরই সভ্য অল্প-বিস্তর উপস্থিত ছিলেন।

মাসিক অধিবেশন কয়টিতে পরিষদের উদ্দেশ্যসাধক অনেক কার্য্য

এবং ১৩০৩ সালের প্রবর্ত্তিত নিয়মানুসারে নানাবিষয়ক প্রবন্ধ পঠিত হইয়াছিল। মাসিক কার্য্যবিবরণীতে সে সকলের বিশেষ বিবরণ ও ঐ সকল প্রবন্ধের অনেকগুলি পরিষৎ পত্রিকায় মুদ্রিত হইয়াছে। ঐ সকল প্রবন্ধের মধ্যে অলঙ্কার-শাস্ত্র-সম্বন্ধে একটি, পুরাতত্ত্ব-সম্বন্ধে দুইটি, প্রাচীন সাহিত্য-সম্বন্ধে দুইটি, প্রাচীন কবির জীবনী-সম্বন্ধে তিনটি, বিজ্ঞান-সম্বন্ধে একটি এবং দর্শন-সম্বন্ধে একটি প্রবন্ধ পঠিত হয়। নিম্নে প্রবন্ধরচয়িতা, প্রবন্ধ ও কোন্ অধিবেশনে পঠিত হইয়াছিল, তাহার তালিকা দেওয়া গেল।

| | রচয়িতা। | প্রবন্ধ। | কোন্ অধিবেশনে পঠিত। |
|---|---|---|---|
| ১। | শ্রীযুক্ত শরচ্চন্দ্র শাস্ত্রী | অলঙ্কারশাস্ত্র | ১ম অধিবেশন। |
| ২। | " হেমচন্দ্র দেব কবিরাজ | মেঘ ও বৃষ্টি | ২য় " । |
| ৩। | " শিবচন্দ্র শীল | [illegible]<br>গোবিন্দচন্দ্র গীত | ৩য় " । |
| ৪। | " অম্বিকাচরণ গুপ্ত | [illegible]গ্রামের পুরাতত্ত্ব | ৪র্থ " । |
| ৫। | " আনন্দনাথ রায় | কবিরঞ্জন রামপ্রসাদ<br>সেনের বাল্যপরিচয় | ৫ম " । |
| ৬। | " ব্যোমকেশ মুস্তফী | আদিশূর ও [illegible] | ৬ষ্ঠ " । |
| ৭। | " আনন্দনাথ রায় | যদুনন্দন ও নরহরি ঠাকুর | ৭ম " । |
| ৮। | " দেবেন্দ্রপ্রসাদ ঘোষ | সেকালের কলিকাতার<br>ইংরাজ সমাজ | ৮ম " । |
| ৯। | " সতীশচন্দ্র বিদ্যাভূষণ এম্ এ | বুদ্ধদেবের জীবনী | ৯ম " । |
| ১০। | " হীরেন্দ্রনাথ দত্ত এম এ, বি এল | অপর প্রকৃতি | ১০ম " । |

এই সকল প্রবন্ধ-রচয়িতার মধ্যে শ্রীযুক্ত হেমচন্দ্র দেব কবিরাজ ও শ্রীযুক্ত শিবচন্দ্র শীল পরিষদের সভ্য নহেন, অথচ তাঁহারা দুইটী উৎকৃষ্ট প্রবন্ধ পাঠ করিয়া পরিষৎকে উৎসাহিত করিয়াছিলেন; তজ্জন্য পরিষৎ তাঁহাদিগের নিকট কৃতজ্ঞ রহিলেন।

বিশেষ অধিবেশন কয়টির মধ্যে পাঁচটিতে বাঙ্গালা-সাহিত্যের উন্নতি ও পরিপুষ্টি-সাধক কার্য্য এবং দুইটিতে পরিষদের বিশেষ বিশেষ কার্য্য হইয়াছিল। আলোচ্য বর্ষের ৮ই জ্যৈষ্ঠ এক বিশেষ অধিবেশন হয়। ঐ দিন পরিষদের সভ্য ৫১ জন এবং অন্যান্য শ্রোতা প্রায় ১০০ জন উপস্থিত ছিলেন। শ্রীযুক্ত

চন্দ্রনাথ বসু এম, এ, বি, এল, মহাশয় "বর্ত্তমান বাঙ্গালা সাহিত্যের প্রকৃতি" নামক এক প্রবন্ধ পাঠ করেন। ঐ প্রবন্ধ তিনি স্বতন্ত্র পুস্তকাকারে প্রকাশিত করিয়াছেন। প্রবন্ধে অনেক সারগর্ভ কথার আলোচনা ছিল। তৎপরে ১২ই আশ্বিন আর একটী বিশেষ অধিবেশন হয়। ঐ দিন ৺রাজনারায়ণ বসু মহাশয়ের মৃত্যু উপলক্ষে শোকপ্রকাশ এবং বর্ত্তমান বাঙ্গালা শিক্ষাপ্রণালীর আমূল পরিবর্ত্তনের জন্য যে নূতন প্রস্তাব শিক্ষা-বিভাগে উপস্থিত হইয়াছে, তৎসম্বন্ধে পরিষৎ হইতে সংশোধন-প্রস্তাব করিয়া যে আবেদন প্রেরিত হইবে স্থির হয়, তাহার পাণ্ডুলিপি অনেক আলোচনার পর গৃহীত হইয়াছিল। (আবেদন পত্রের প্রতিলিপি "দ" পরিশিষ্টে দ্রষ্টব্য।) তৎপরে তৃতীয়, চতুর্থ, ষষ্ঠ ও সপ্তম অধিবেশন যথাক্রমে ১৮ই অগ্রহায়ণ, ৮ই মাঘ, ১১শে ও ২৫শে চৈত্র তারিখে হইয়াছিল। এই চারিটি অধিবেশনের মধ্যে তৃতীয়, ষষ্ঠ ও সপ্তম অধিবেশন ইউনিভারসিটি ইন্‌ষ্টিটিউট হলে এবং চতুর্থ অধিবেশন রাজা শ্রীযুক্ত বিনয়কৃষ্ণ দেব বাহাদুরের ভবনে হইয়াছিল। এই সকল অধিবেশনে পরিষদের সভাপতি শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ ঠাকুর মহাশয় "একালের দর্শন" নামক প্রবন্ধের তিনটি প্রস্তাব ও অপরটিতে প্রথম দুই বক্তৃতার অনুবৃত্তি পাঠ করেন। প্রথম ও দ্বিতীয় প্রস্তাবে একালের পাশ্চাত্য দর্শন-শাস্ত্র হইতে ডারউইন, কাণ্ট ও স্পেন্সারের মত, তিনি সাধারণ ভাবে আলোচনা করেন। তৃতীয় প্রস্তাবে প্রথম দুই প্রস্তাবের অনুবৃত্তি এবং চতুর্থ প্রস্তাবে স্পেন্সারের মতের বিশেষ আলোচনা আরম্ভ করা হইয়াছে। এই সকল অধিবেশনে পরিষদের সভ্যগণ ভিন্ন আরও বহুতর গণ্য, মান্য, বিদ্বান্ শ্রোতৃবর্গ উপস্থিত ছিলেন। পঞ্চম বিশেষ অধিবেশন ৩রা ফাল্গুন তারিখে পরিষদের ভূতপূর্ব্ব কার্য্যালয়ে হইয়াছিল। শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর, শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ ঠাকুর, শ্রীযুক্ত জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর, শ্রীযুক্ত গগনেন্দ্রনাথ ঠাকুর, শ্রীযুক্ত রজনীকান্ত গুপ্ত, শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম, এ, শ্রীযুক্ত দেবেন্দ্রপ্রসাদ ঘোষ, শ্রীযুক্ত নরেন্দ্রনাথ মিত্র, শ্রীযুক্ত অমৃতকৃষ্ণ মল্লিক বি, এল, শ্রীযুক্ত সুরেশচন্দ্র সমাজপতি এবং শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ বসু, এই একাদশ জনের অনুরোধে, ঐ বিশেষ অধিবেশন আহূত হয়। ঐ অধিবেশনে শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর, পরিষদের কার্য্যালয় ও অধিবেশন যাহাতে কোন সাধারণ

স্থানে স্থানান্তরিত করা হয়, তাহার ব্যবস্থা করিবার জন্ত ও তৎসম্পর্কে নিয়মাবলীর আবশ্যকমত পরিবর্তন করিবার প্রস্তাব করেন। ঐ দিন সভাস্থলে প্রায় শতাবধি সভ্য উপস্থিত ছিলেন। সভাস্থলে প্রস্তাব-সম্বন্ধে বহু আলোচনা হয় এবং সভ্যগণের মধ্যে মতভেদ উপস্থিত হয়। অবশেষে স্থানান্তরের বিরুদ্ধবাদী কতিপয় সভ্য সভাভঙ্গের পূর্ব্বেই সভাস্থল ত্যাগ করায়, সর্ব্বসম্মতিক্রমে স্থানান্তর করাই কর্ত্তব্য বলিয়া প্রস্তাব গৃহীত হয়।

**কর্ম্মচারিগণ**—আলোচ্য বর্ষে বার্ষিক নির্ব্বাচনে নিম্নলিখিত ব্যক্তিবর্গ পরিষদের কর্ম্মচারিরূপে নিয়োজিত হইয়াছিলেন।—

| | | |
|---|---|---|
| ১। | শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ ঠাকুর ... ... | সভাপতি। |
| ২। | মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী এম্, এ | সহকারী সভাপতিগণ। |
| ৩। | শ্রীযুক্ত যোগেন্দ্রনাথ বিদ্যাভূষণ এম্, এ | |
| ৪। | " প্রফুল্লচন্দ্র বন্দ্যোপাধ্যায় | |
| ৫। | " রায় যতীন্দ্রনাথ চৌধুরী এম্, এ, বি, এল্ ... | সম্পাদক। |
| ৬। | " ব্যোমকেশ মুস্তফী | ... সহকারী সম্পাদক। |
| ৭। | " হেমেন্দ্রপ্রসাদ ঘোষ বি, এ, | |
| ৮। | " রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্, এ, ... | পত্রিকা-সম্পাদক। |
| ৯। | " প্রতুলচন্দ্র বসু ... ... ... | গ্রন্থরক্ষক। |
| ১০। | " বাণীনাথ নন্দী | আয়ব্যয়-পরীক্ষক। |
| ১১। | " চারুচন্দ্র ঘোষ | |
| ১২। | " হীরেন্দ্রনাথ দত্ত এম্, এ, বি, এল্, ... ... | ধনরক্ষক। |

এতদ্ভিন্ন শ্রীযুক্ত গোবিন্দলাল মল্লিকই পরিষদের বেতনভুক্ লেখকরূপে নিযুক্ত ছিলেন। আলোচ্য বর্ষে কর্ম্মচারিগণের মধ্যে কিছু কিছু পরিবর্তনও ঘটিয়াছিল। গত শ্রাবণ মাসে গ্রন্থরক্ষক শ্রীযুক্ত প্রতুলচন্দ্র বসু মহাশয় গ্রন্থরক্ষকের পদত্যাগ করায়, তাঁহার স্থানে শ্রীযুক্ত সতীশচন্দ্র মিত্র গ্রন্থরক্ষক নিযুক্ত হন; কিন্তু তিনিও গত ফাল্গুন মাসে পরিষদের সভ্যপদ ত্যাগ করায়, শ্রীযুক্ত বাণীনাথ নন্দী তাঁহার স্থানে গ্রন্থরক্ষক নিযুক্ত হইয়াছেন। বেতনভুক্ লেখক শ্রীযুক্ত গোবিন্দচন্দ্র মল্লিক গত ফাল্গুন মাসে পদত্যাগ করায়, তাঁহার স্থানে প্রথমে অল্পদিনের নিমিত্ত শ্রীযুক্ত তারিণীচরণ সেন নিযুক্ত হন, পরে শ্রীযুক্ত পূর্ণচন্দ্র ঘোষ স্থায়ীরূপে নিযুক্ত হইয়াছেন।

**কার্য্যনির্ব্বাহক সমিতি,**—১৩০৩ সালের প্রবর্ত্তিত নিয়মানুসারে আলোচ্য বর্ষে ৮ জন নির্ব্বাচিত ও ৪ জন মনোনীত সভ্য লইয়া এই সমিতি গঠিত হয়। নিম্নে উভয়বিধ সভ্যের নাম দেওয়া হইল।

### নির্ব্বাচিত সভ্যগণ।

১। কুমার শ্রীযুক্ত দক্ষিণেশ্বর মালিয়া।
২। শ্রীযুক্ত ললিতচন্দ্র মিত্র এম্, এ।
৩। " অমৃতকৃষ্ণ মল্লিক বি, এল্।
৪। " গোপালচন্দ্র মুখোপাধ্যায়।
৫। " যজ্ঞেশ্বর বন্দ্যোপাধ্যায়।
৬। " গোবিন্দলাল দত্ত।
৭। " মনোমোহন বসু।
৮। " চারুচন্দ্র ঘোষ।

### মনোনীত সভ্যগণ।

১। শ্রীযুক্ত চন্দ্রনাথ বসু এম, এ, বি, এল।
২। " রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী এম, এ।
৩। " নগেন্দ্রনাথ বসু।
৪। " সুরেশচন্দ্র সমাজপতি।

এতদ্ব্যতীত ১৮শ নিয়মানুসারে পরিষদের কর্ম্মচারিদিগের মধ্যে আয়ব্যয়-পরীক্ষকদ্বয় এবং বেতনভুক্ লেখক ব্যতীত আর সকলেই এই সমিতির সভ্যরূপে কার্য্য করিয়াছিলেন। ইঁহাদের মধ্যে ৩য় ও ৪র্থ কর্ম্মচারী (সহকারী সভাপতিদ্বয়) রাজকার্য্যে সর্ব্বদা মফস্বলে বাস করায়, একটি অধিবেশনেও উপস্থিত হইতে পারেন নাই। অন্য সকলে অবসর মত যথাসাধ্য পরিশ্রম করিয়া পরিষদের কার্য্যনির্ব্বাহে সহায়তা করিয়াছিলেন। আলোচ্য বর্ষে এই সমিতির ১৩শটী অধিবেশন হইয়াছিল। ঐ সকল অধিবেশনের মধ্যে দুইটিতে সভার কার্য্য চালাইবার উপযোগী ৩১শ নিয়মানুযায়ী সভ্য উপস্থিত না হওয়ায় কার্য্য স্থগিত রাখিতে হইয়াছিল। যে সকল অধিবেশনে কার্য্য হইয়াছে, তাহার কোনটিতেই উপস্থিতি সংখ্যা ১২ জনের বেশী হয় নাই। আলোচ্য বর্ষে এই সমিতি যে সকল কার্য্য করিয়াছেন, তন্মধ্যে নিম্নোক্ত কয়েকটি বিশেষরূপে উল্লেখ যোগ্য ;—

(১) মফস্বলের প্রাপ্তি স্বীকার,—মফস্বলের চাঁদা-প্রাপ্তির বিবরণ পত্রিকার মলাটে মুদ্রিত করা স্থির হইয়াছে। (আলোচ্য বর্ষে এই নূতন নিয়মানুসারে কার্য্য হয় নাই, আগামী বর্ষ হইতে হইবে, এরূপ আশা করা যায়।)

(২) হেমবাবুর সাহায্য,—কবিবর শ্রীযুক্ত হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের সাহায্যার্থ পরিষৎ স্বীয় সভ্যগণের মধ্য হইতে অর্থসাহায্য সংগ্রহের চেষ্টা করেন। প্রথমতঃ বৈশাখমাসে তাহীরপুরের রাজা মাননীয় শ্রীযুক্ত শশিশেখরেশ্বর রায় মহোদয় শোক পাঠাইয়া এই সম্বন্ধে পরিষৎকে উদ্যোগী হইবার জন্য এক প্রস্তাব উপস্থিত করেন। পরে তাঁহার সহিত এই সম্বন্ধে পরিষদের সম্পাদকের পত্র-ব্যবহার হয়। তাহার পর ১লা শ্রাবণের মাসিক অধিবেশনে হেমবাবুকে কি উপায়ে পরিষৎ হইতে সাহায্য করিতে পারা যায়, তাহা অবধারণ করিবার জন্য একটি শাখা-সমিতি গঠিত হয় এবং গবর্মেণ্ট হইতে রাজবৃত্তি দেওয়াইবার প্রস্তাবের পোষকতা করিবার জন্য গবর্মেণ্টে আবেদন করা স্থির হয়। তৎপরে ২২শে শ্রাবণের কার্য্যনির্ব্বাহক সমিতিতে উক্ত শাখা-সমিতির প্রস্তুত আবেদন-পত্রের এবং চাঁদা-সংগ্রহের বিজ্ঞাপনের পাণ্ডুলিপি গৃহীত হয়। পরে ঐ বিজ্ঞাপন পরিষদের সমস্ত সভ্যের নিকট এবং ঐ আবেদন-পত্র গবর্মেণ্টে পাঠান হয়। বিজ্ঞাপন পাইয়া কুমার শ্রীযুক্ত দক্ষিণেশ্বর মালিয়া-প্রমুখ কয়েক ব্যক্তি হেমবাবুকে এককালীন কিছু অর্থ-সাহায্য করিয়াছিলেন এবং শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী মহাশয় মাসিক ১০৲ দশ টাকা সাহায্য করিতে স্বীকার করেন। গবর্মেণ্ট হইতেও হেম বাবুর মাসিক ২৫৲ টাকা বৃত্তি নির্দ্ধারিত হইয়াছে। (আবেদন পত্রের প্রতিলিপি "খ" পরিশিষ্টে দ্রষ্টব্য।)

(৩) ষাণ্মাসিক সম্মিলন,—পরিষদের অন্যতম সভ্য শ্রীযুক্ত অমৃতলাল দে বি, এল্, মহাশয়, আলোচ্য বর্ষের আষাঢ় মাসে, পরিষদের সমস্ত সভ্যের মধ্যে দেখা শুনা ও আলাপ পরিচয় হইয়া, যাহাতে পরস্পরের মধ্যে প্রীতিবর্দ্ধন হয় এজন্য, একটি উদ্যান-সম্মিলনের প্রস্তাব করেন। ১লা শ্রাবণের মাসিক অধিবেশনে ঐ প্রস্তাব গৃহীত হয় এবং ষাণ্মাসিক সম্মিলন নামে প্রতি বৎসর দুইটি করিয়া প্রীতিসম্মিলনের আয়োজন করা হইবে, এইরূপ স্থির হয়।

আলোচ্য বর্ষে শারদীয় পূজার পরই এইরূপ একটি প্রীতিসম্মিলনের ব্যবস্থা করিবার জন্য, পরিষদের অন্যতর সহকারী সম্পাদক শ্রীযুক্ত হেমেন্দ্রপ্রসাদ ঘোষ বি, এ, মুদ্রাকর শ্রীযুক্ত অমৃতলাল দে বি, এল্, ষ্টার থিয়েটারের অধ্যক্ষ শ্রীযুক্ত অমৃতলাল বসু, কবিরাজ শ্রীযুক্ত রামচন্দ্র বিদ্যাবিনোদ এবং শ্রীযুক্ত সুরেশচন্দ্র সমাজপতি, ইঁহাদিগকে লইয়া একটি শাখা-সমিতি গঠিত করা হয়। শ্রীযুক্ত হেমেন্দ্রপ্রসাদ ঘোষ উহার আয়-ব্যয়, আমোদ-আনন্দ এবং আহারাদির ব্যবস্থা করিবার জন্য একটী পরামর্শ সভা আহ্বান করিয়াছিলেন, কিন্তু দুঃখের বিষয়, নির্দ্দিষ্ট দিনে শ্রীযুক্ত অমৃতলাল বসু ও হেমেন্দ্রবাবু ব্যতীত আর কেহ উপস্থিত না হওয়ায় উহার কিছুই হয় নাই। আলোচ্য বর্ষে এ সম্বন্ধে তৎপরে আর দ্বিতীয় চেষ্টা হয় নাই। আশা করা যায়, আগামী বর্ষের নূতন কার্য্যনির্ব্বাহক সমিতি ইহার জন্য অন্য কোন সুগম উপায় নির্দ্ধারণ করিতে পারিবেন।

( ৪ ) পারিতোষিক প্রবন্ধ,—পূর্ব্ব বর্ষের নির্দ্ধারণ অনুসারে আলোচ্য বর্ষে, পরীক্ষকদিগের অভিপ্রায়মত, কার্য্যনির্ব্বাহক সমিতি ( ক ) অদ্বৈতবাদ-সম্বন্ধীয় প্রবন্ধের জন্য "যতীন্দ্রনাথ" পুরস্কারের ৫০০৲ পাঁচশত টাকা ভবানীপুর ভাগবত-চতুষ্পাঠীর অধ্যাপক শ্রীযুক্ত দুর্গাচরণ বেদান্ততীর্থকে এবং হাইকোর্টের অন্যতম উকীল শ্রীযুক্ত প্রিয়নাথ সেন এম, এ, বি, এল্-কে তুল্যাংশে বিভাগ করিয়া দিয়াছেন আর ( খ ) "আর্য্যজাতির সমাজ-বন্ধন" নামক প্রবন্ধের জন্য "কৃষ্ণভাবিনী বসুমল্লিক" পুরস্কারের ৫০০৲ টাকা শ্রীতারাধাম তরফে শ্রীযুক্ত গোপালচন্দ্র মুখোপাধ্যায়কে প্রদান করিয়াছেন।

( ৫ ) ঐতিহাসিক তথ্য-সংগ্রহ,—আলোচ্য বর্ষে শ্রীযুক্ত হীরেন্দ্র-নাথ দত্ত এম, এ, বি, এল্ মহাশয় পরিষদের অন্তর্গত গ্রন্থ-প্রকাশ সমিতির প্রথম অধিবেশনে প্রস্তাব করেন,—ইংরাজ-রাজত্বের সূত্রপাতের সময় এ দেশের কতিপয় হিন্দু ও মুসলমান রাজপুরুষের জীবনী এবং তৎকালীন দেশের অবস্থা-সম্বন্ধে গবর্মেণ্টের বিভিন্ন আপিস হইতে আসল কাগজ-পত্র দেখিয়া বৃত্তান্ত ও উপকরণ সংগ্রহ করিতে পারিলে পরিষৎ ইতিহাস-সঙ্কলন-বিষয়ে একটী মহৎ কার্য্য সম্পাদন করিতে পারেন। এ সম্বন্ধে রাজা বিনয়কৃষ্ণ দেব

বাহাদুর অবগত হইয়াছেন যে, কোন ব্যক্তি-বিশেষকে এই সকল কাগজ-পত্র দেখিতে দিবার আদেশ গভর্মেণ্ট অনুগ্রহপূর্ব্বক দিতে পারেন। অতএব ফারসী দলিলাদি নকল ও অনুবাদ করাইবার জন্য একজন মৌলবী এবং ইংরাজী কাগজ-পত্র দেখিয়া, বাছিয়া লইবার জন্য একজন সুনিপুণ, চতুর, কৃতবিদ্য লোকের প্রয়োজন। ইঁহাদের পারিশ্রমিকস্বরূপ আপাততঃ পরিষৎ গ্রন্থপ্রকাশ-সমিতির তহবিল হইতে কিছু ব্যয় অনুমোদন করিলে, কার্য্য আরম্ভ করা যাইতে পারে। এই প্রস্তাব গ্রাহ্য হয় এবং প্রথমতঃ দুই শত টাকা পর্য্যন্ত ব্যয় করিতে পরিষৎ স্বীকার পান। তৎপরে উক্ত কার্য্য কিরূপে নির্ব্বাহ হইবে, তাহার ব্যবস্থা করিবার ভার, কার্য্যনির্ব্বাহক-সমিতি রাজা শ্রীযুক্ত বিনয়কৃষ্ণ দেব বাহাদুরের ও হীরেন্দ্র বাবুর উপর অর্পণ করেন। ক্রমে তাঁহারা মৌলবী আরসাদউদ্দীন আহাম্মদ এবং বসুমতী-সম্পাদক শ্রীযুক্ত পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায় বি, এ-কে উক্ত কর্ম্মে নিযুক্ত করেন। তৎপরে পাঁচকড়ি বাবু ও মৌলবীসাহেব কতকগুলি কাগজের নকলও করিয়াছিলেন। সেই সকল কাগজপত্র রাজা শ্রীযুক্ত বিনয়কৃষ্ণ দেব বাহাদুরের নিকট আছে। নানা বিশেষ কারণে এইকার্য্য আশানুরূপ অগ্রসর হয় নাই।

(৬) উদ্দেশ্য-সাধন—প্রাচীন বাঙ্গালা-গ্রন্থের উদ্ধার করা পরিষদের একটি মুখ্য উদ্দেশ্য। ইহার সুবিধার্থ, শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী মহাশয়ের প্রস্তাবে ও আনুকূল্যে, কার্য্য-নির্ব্বাহক সমিতি সাময়িক পত্রের ন্যায় প্রতি দুই মাস পরে এক এক খণ্ড প্রাচীন গ্রন্থ প্রকাশ করিবার এক অভিনব পন্থা অবলম্বন করিয়াছেন। গ্রন্থপ্রকাশ সমিতির বিবরণ-স্থলে উহার বিশেষ বিবরণ দ্রষ্টব্য।

(৭) গৃহসজ্জা ক্রয়,—পরিষৎ সপ্তম বর্ষে পদার্পণ করিলেও পরিষদের নিজের গৃহসজ্জা যৎসামান্যই ছিল। নিজের নূতন কার্য্যালয়েই যাহাতে পরিষদের মাসিক অধিবেশন নির্ব্বাহ হইতে পারে, কার্য্যনির্ব্বাহক সমিতি আলোচ্য বর্ষে তদুপযোগী দ্রব্যাদি ক্রয় করিয়া পরিষদকে সুসজ্জিত করিয়াছেন। পরিষদের নিয়মিত আয় হইতে ইহার ব্যয় দিতে হয় নাই। পরিষদের কতিপয় হিতৈষী বন্ধু এই ব্যয়ভার বহন করিয়াছেন।

**শাখা সমিতি,**—আলোচ্যবর্ষে পরিষদের বিশেষ বিশেষ

কার্য্যনির্ব্বাহার্থ নিম্নলিখিত ১৬টি শাখাসমিতি ছিল ;—(১) গ্রন্থপ্রকাশ সমিতি, (২) কৃত্তিবাসী রামায়ণ সমিতি, (৩) কাশীদাসী মহাভারত সমিতি, (৪) কবি কঙ্কণ চণ্ডী সমিতি, (৫) রামমোহনের রামায়ণ সমিতি, (৬) ঐতিহাসিক সমিতি, (৭) পরিভাষা সমিতি, (৮) উদ্ভিদ্-পরিভাষা সমিতি, (৯) ভাষা ও ব্যাকরণ সমিতি, (১০) প্রাচীন শব্দ সমিতি,(১১) প্রাচীন সাহিত্য সমিতি, (১২) গ্রন্থসমিতি, (১৩) হেমবাবুর সাহায্যোপায়-নির্দ্ধারণ সমিতি, (১৪) শিক্ষা সমিতি, (১৫) বাণ্মাসিক সম্মিলনোপায়-নির্দ্ধারণ সমিতি,(১৬ নিয়মাবলী-সংস্কার সমিতি।

ইহার মধ্যে প্রথম ১২টির গঠন ও উদ্দেশ্য-বিষয়ে বিশেষ বিবরণ পূর্ব্ব পূর্ব্ব কার্য্যবিবরণীতে প্রকাশিত আছে। ১৩শ ও ১৫শ শাখাসমিতির কার্য্যবিবরণ ইতিপূর্ব্বেই কার্য্যনির্ব্বাহক সমিতির বিবরণ-মধ্যে প্রদত্ত হইয়াছে। অপরগুলির মধ্যে আলোচ্য বর্ষে যাহাদের কার্য্য কিছু কিছু অগ্রসর হইয়াছে, তাহাদের বিবরণ যথাক্রমে নিম্নে প্রদত্ত হইতেছে।

( ক ) গ্রন্থপ্রকাশ সমিতি,—আলোচ্য বর্ষে এই সমিতির চারিটি অধিবেশন হইয়াছিল। প্রথম অধিবেশনে শ্রীযুক্ত ঈশানচন্দ্র বসু মহাশয়ের প্রস্তাবিত শ্রীমদ্ভাগবতের ৮ সনাতন চক্রবর্ত্তীকৃত প্রাচীন বাঙ্গালা পদ্যানুবাদ মুদ্রিত করার প্রস্তাব আলোচিত হয়। উক্ত অনুবাদ মূলানুযায়ী কিনা, তাহা পরীক্ষা করিবার ভার শ্রীযুক্ত রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী মহাশয়ের প্রতি অর্পিত হয়। তিনি পরীক্ষাদে উহা মূলানুযায়ী অনুবাদ বলিয়া প্রকাশ করায়, উহা মুদ্রিত করা আবশ্যক বিবেচিত হইয়াছে। সম্পাদন-বিষয়ে প্রস্তাবক শ্রীযুক্ত ঈশানচন্দ্র বসু মহাশয়ের পত্র এখনও কার্য্যনির্ব্বাহক সমিতি ও গ্রন্থপ্রকাশ সমিতির বিবেচনাধীন রহিয়াছে। ঐ অধিবেশনেই রাজকীয় প্রাচীন কাগজপত্র হইতে ঐতিহাসিক তথ্য-সংগ্রহের প্রস্তাব গৃহীত হইয়াছিল। দ্বিতীয় অধিবেশনে এসিয়াটিক সোসাইটির ( *Bibliothica Indica*র ) ন্যায় খণ্ডশঃ প্রাচীন বাঙ্গালা-গ্রন্থ প্রকাশ করিবার প্রস্তাব আলোচিত হয়। তৃতীয় অধিবেশনে বিশেষ কোন কার্য্য হয় নাই। চতুর্থ অধিবেশনে "প্রাচীন বাঙ্গালা গ্রন্থাবলী" নাম দিয়া সাময়িক পত্রের আকারে প্রতি দুই মাস অন্তর প্রাচীন বাঙ্গালা-গ্রন্থাবলী-প্রকাশের প্রস্তাব গৃহীত হইয়াছে। উহা প্রকাশার্থ নিম্নলিখিত নিয়মগুলিও গৃহীত হইয়াছে।

(১) "প্রাচীন বাঙ্গালা-গ্রন্থাবলী" নামে অনূন ৮ ফর্ম্মা করিয়া ত্রৈমাসিক পুস্তকাকারে প্রাচীন বাঙ্গালা গ্রন্থসকল প্রকাশিত হইবে। আপাততঃ ১৮ পাউণ্ড কাগজে প্রতি সংখ্যা ১০০০ করিয়া ছাপা হইবে।

(২) মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী এম্, এ মহাশয় এই গ্রন্থাবলী প্রকাশের সর্ব্ব প্রধান সম্পাদক হইবেন।

(৩) গ্রন্থাবলীতে প্রতি সংখ্যায় একাধিক পুস্তক প্রকাশিত হইবে এবং প্রত্যেক পুস্তকের জন্য প্রয়োজন হইলে স্বতন্ত্র সম্পাদক নিযুক্ত হইবেন।

(৪) সমস্ত গ্রন্থের শেষ মুদ্রণাদেশ সর্ব্বপ্রধান সম্পাদক দিবেন এবং তাঁহার পরামর্শ মত সমস্ত গ্রন্থের সম্পাদন-কার্য্য নির্ব্বাহ হইবে।

(৫) বিভিন্ন পুস্তকের সম্পাদকেরা প্রত্যেক ১০ দশ খণ্ড করিয়া স্ব স্ব সম্পাদিত পুস্তকাংশ বিনা মূল্যে পাইবেন।

(৬) ১৩০৭ সালে এই কার্য্য আরম্ভ করিবার জন্য আপাততঃ নিম্নলিখিত গ্রন্থগুলি এবং নিম্নলিখিত ব্যক্তিগণ তত্তৎপুস্তকের সম্পাদক নির্ব্বাচিত হইলেন।

| গ্রন্থ ও তাহার পরিচয়। | সম্পাদক। |
|---|---|
| ১। গোবিন্দচন্দ্র গীত, ৺দুর্লভ মল্লিক কৃত। (বাঙ্গালায় প্রচ্ছন্ন বৌদ্ধধর্ম্মমূলক গ্রন্থ) | মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী এম্ এ ও শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু। |
| ২। মনসা মঙ্গল, ৺বিজয়গুপ্ত কৃত। (সর্ব্বাপেক্ষা প্রাচীন মনসা মঙ্গল।) | শ্রীযুক্ত রাখালচন্দ্র কাব্যতীর্থ। |
| ৩। চৈতন্য-মঙ্গল,—৺জয়ানন্দ মিশ্র কৃত। (চৈতন্য-জীবনী-সম্বন্ধে ঐতিহাসিক প্রমাণপূর্ণ গ্রন্থ।) | শ্রীযুক্ত কালিদাস নাথ। |
| ৪। বিদ্যাপতির পদাবলী। (নেপালরাজের পুস্তকাগারে প্রাপ্ত ৪৫০ বৎসরের প্রাচীন পুঁথি, ২৭৫টী নূতন পদযুক্ত) | মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী এম্ এ। |
| ৫। কালিকামঙ্গল, ৺কৃষ্ণরাম দাস প্রণীত। (বিদ্যাসুন্দরের উপাখ্যান।) | শ্রীযুক্ত চারুচন্দ্র ঘোষ। |
| ৬। বাসু ঘোষের পদাবলী,—(চৈতন্যদেবের বাল্যলীলা গানে রচিত।) | শ্রীযুক্ত মৃণালকান্তি ঘোষ। |

| | |
|---|---|
| ৭। জৈমিনী ভারত,—<br>(ছুটি খাঁর আদেশে শ্রীকর নন্দী কৃত।) | শ্রীযুক্ত বিনোদবিহারী কাব্যতীর্থ। |
| ৮। জয়দেব চরিত,—<br>(জয়দেবের জীবনী-সম্বন্ধে নবাবিকৃত প্রাচীন বাঙ্গালা গ্রন্থ।) | শ্রীযুক্ত অতুলকৃষ্ণ গোস্বামী। |
| ৯। কৃষ্ণপ্রেম-তরঙ্গিনী,—<br>৺ ভাগবতাচার্য কৃত<br>(শ্রীমদ্ভাগবতের প্রাচীন পদ্যানুবাদ) | শ্রীযুক্ত অতুলকৃষ্ণ গোস্বামী। |

(৭) কোন পুস্তক এক বর্ষার কম প্রকাশিত হইবে না এবং প্রত্যেক পুস্তকের স্বতন্ত্র পত্রাঙ্ক দেওয়া হইবে।

(৮) পরিষদের সভ্যগণ এই গ্রন্থাবলী বিনামূল্যে পাইবেন, কিন্তু যিনি পরিষদের মাসিক চাঁদা নিয়মিত না দিবেন, তিনি ইহা বিনামূল্যে পাইবেন না।

(৯) পরিষদের সভ্য-ব্যতীত সাধারণের পক্ষে এই গ্রন্থাবলীর বার্ষিক মূল্য ডাকমাশুল সমেত সর্ব্বত্র ২৲টাকা।

এতদ্ভিন্ন গ্রন্থ-সম্পাদন-বিষয়ক কতকগুলি নিয়মও ঐ অধিবেশনে বিধিবদ্ধ হইয়াছে। আলোচ্যবর্ষে গ্রন্থপ্রকাশসমিতির পূর্ব্বারব্ধ বিজয় পণ্ডিতের মহাভারত সম্পূর্ণ মুদ্রিত হইয়া বিক্রয়ার্থ প্রস্তুত হইয়াছে। উহার মূল্য পরিষদের সভ্যপক্ষে ১।০ এবং সাধারণের পক্ষে ১।০ নির্দ্দিষ্ট হইয়াছে। পীতাম্বর দাসের রসমঞ্জরীও আলোচ্যবর্ষে স্বতন্ত্র পুস্তকাকারে প্রকাশিত হইয়াছে। এতদ্ভিন্ন দুই একখানি ক্ষুদ্র গ্রন্থ পরিষৎপত্রিকায়ও প্রকাশিত হইয়াছে।

**(খ) কৃত্তিবাসী রামায়ণসমিতি,**—আলোচ্যবর্ষে এই সমিতির যত্নে পরিষদের আজন্ম-আরব্ধ-কার্য্য আংশিক প্রকাশিত হইয়াছে। আলোচ্য বর্ষে অযোধ্যাকাণ্ড পুস্তকাকারে প্রকাশিত হইতেছে। উত্তরাকাণ্ড ও লঙ্কাকাণ্ড মুদ্রণযোগ্য হইয়া প্রস্তুত আছে; আগামী বর্ষে অর্থাৎ ১৩০৭ সালে তাহাও প্রকাশিত হইবে বলিয়া আশা করা যায়।

**(গ) পরিভাষাসমিতি,**—আলোচ্যবর্ষে সাহিত্য পরিষৎ-পত্রিকার ষষ্ঠ ভাগ চতুর্থ সংখ্যায় ভৌগোলিক পরিভাষা প্রকাশিত হইয়াছে। ইতিপূর্ব্বে পত্রিকায় প্রকাশিত ভৌগোলিক পরিভাষা-সংশোধনের আবশ্যকতা অনেকেই দেখাইয়াছিলেন। পরিভাষা সমিতির সম্পাদক শ্রীযুক্ত রামেন্দ্র সুন্দর ত্রিবেদী মহাশয় তদনুসারে পূর্ব্ব-প্রকাশিত পরিভাষার সংস্কার করিয়া

পরিভাষা সমিতির সভাপতি শ্রীযুক্ত কৃষ্ণকমল ভট্টাচার্য্য বি, এল্, মহাশয়কে দেখান। তিনি অনুমোদন করায় উহা পত্রিকায় ষষ্ঠ ভাগ চতুর্থ সংখ্যায় সাধারণের সমালোচনার জন্য পুনরায় প্রকাশিত হইয়াছে। উহা স্বতন্ত্রভাবে মুদ্রিত করাইয়া পরিভাষা সমিতির সভ্যগণ ও অন্যান্য অভিজ্ঞ পণ্ডিতের নিকট প্রেরিত হইয়াছে; আগামী বৎসরে ভৌগোলিক পরিভাষা সুসংশোধিত আকারে উপস্থিত করিতে পারা যাইবে, এরূপ আশা করা যায়। এতদ্ভিন্ন পত্রিকার ষষ্ঠ ভাগ তৃতীয় সংখ্যায় জ্যোতিষিক পরিভাষা ও চতুর্থ সংখ্যায় চিকিৎসা-বিজ্ঞানের পরিভাষা প্রকাশিত হইয়াছে। প্রথমটির জন্য শ্রীযুক্ত হারাণচন্দ্র বন্দ্যোপাধ্যায় এম্ এ, বি, এলের এবং দ্বিতীয়টির জন্য শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুরের নিকট পরিষৎ কৃতজ্ঞ। এতদ্ভিন্ন আলোচ্য বর্ষে পরিভাষা-সঙ্কলন-সম্বন্ধে আর একটি প্রস্তাব পরিষদের নিকট উপস্থিত হইয়াছে। কাশীতে হিন্দী ভাষার উন্নতির জন্য "নাগরী প্রচারিণী সভা" নামে একটি সভা স্থাপিত হইয়াছে। শ্রীযুক্ত শ্যামসুন্দর দাস উহার সম্পাদক। উক্ত সভাও হিন্দীতে পরিভাষা সঙ্কলনে ব্রতী হইয়া পরিষদের সাহায্য প্রার্থনা করিয়াছেন। উভয় সভা পরস্পর সাহায্য করিলে পরিভাষা-সঙ্কলন-কার্য্য সুশৃঙ্খলে সম্পন্ন হইবে, এরূপ আশা করা যাইতে পারে।

(ঘ) প্রাচীন শব্দসমিতি,—এই সমিতির অন্যতম সভ্য শ্রীযুক্ত কানাইলাল ঘোষাল মহাশয় দেশজ শব্দসংগ্রহের ভার লইয়াছিলেন। আলোচ্য বর্ষে তিনি কৃষিসম্বন্ধে অনেকগুলি শব্দ সংগ্রহ করিয়া দিয়াছেন।

(ঙ) ভাষা ও ব্যাকরণ সমিতি,—পূর্ব্ব বৎসরে এই সমিতির সম্পাদক শ্রীযুক্ত রজনীকান্ত গুপ্ত এই সমিতির সভ্য ও অন্যান্য অভিজ্ঞ ব্যক্তির নিকট ব্যাকরণ ও ভাষাগত কতকগুলি প্রশ্ন পাঠাইয়া দিয়াছিলেন। আলোচ্য বর্ষে কয়েক জনের নিকট হইতে উহার উত্তর পাওয়া গিয়াছিল। এই সমিতির সম্পাদক ঐ সকল উত্তরের মর্ম্ম অবগত হইয়া আপাততঃ এইরূপ অভিপ্রায় প্রকাশ করিয়াছেন যে, উপস্থিত প্রণালীতে কোন কাজ হইবে না। যাবৎ পরিষৎ হইতে কতকগুলি ভাল গ্রন্থ প্রকাশিত না হইতেছে, তাবৎ বাঙ্গালাভাষা ও বাঙ্গালা ব্যাকরণের আদর্শ সাধারণের গোচর হইতেছে না। এই কারণে তিনি এই সমিতির কার্য্য স্থগিত রাখিবার প্রস্তাব করিয়াছেন।

* (প্রশ্ন ও উত্তরের সারাংশ যথাক্রম "খ" পরিশিষ্টে দ্রষ্টব্য।)

(চ) প্রাচীন সাহিত্যসমিতি,—আলোচ্য বর্ষেও এই সমিতির সম্পাদক শ্রীযুক্ত মৃণালকান্তি ঘোষের যত্নে কতকগুলি নূতন পুঁথির বিবরণ প্রকাশিত হইয়াছে এবং এই সমিতির সভ্য শ্রীযুক্ত কালিদাস নাথ তাঁহার পূর্ব্ব-সংগৃহীত "জগদানন্দ পদাবলী" স্বতন্ত্র পুস্তকাকারে পরিষৎ হইতে স্বাধীনভাবে প্রকাশিত করিয়াছেন।

(ছ) গ্রন্থ সমিতি,—এই সমিতির উদ্দেশ্য অনুসারে সমিতির অন্যতম সভ্য এবং পরিষদের সভাপতি শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ ঠাকুর মহাশয় বাঙ্গালা ভাষায় পাশ্চাত্য-দর্শনের মর্ম্ম বুঝাইবার জন্য "একালের দর্শন" নাম দিয়া প্রবন্ধাবলী রচনা করিয়াছেন। উহা হইতে তিনটী প্রস্তাব আলোচ্য বর্ষের তিনটি বিশেষ অধিবেশনে পঠিত হইয়াছিল। তদ্বিবরণ ইতিপূর্ব্বে প্রদত্ত হইয়াছে। এই সমিতির অন্যতম সভ্য শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত এম, এ, বি, এল, সাংখ্যদর্শন-সম্বন্ধে যে পুস্তক লিখিবার ভার লইয়াছেন, তাহার অন্তর্গত "অপরা প্রকৃতি" নামক প্রস্তাব আলোচ্য বর্ষে পরিষদের এক মাসিক অধিবেশনে পাঠ করিয়াছিলেন। ইহার বিবরণও পূর্ব্বে প্রদত্ত হইয়াছে।

(জ) শিক্ষা সমিতি,—শ্রাবণের মাসিক অধিবেশনে গভর্মেণ্টের নূতন প্রস্তাবিত বাঙ্গালা শিক্ষাপ্রণালীর সংশোধন-প্রস্তাব করিবার জন্য যে শিক্ষাসমিতি গঠিত হয়, তন্মধ্যে নিম্নলিখিত ব্যক্তিবর্গকে সভ্যরূপে গ্রহণ করা হইয়াছিল,

শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ ঠাকুর ... ... ... সভাপতি।
মাননীয় „ গুরুদাস বন্দ্যোপাধ্যায় এম, এ, ডি, এল্।
„ হীরেন্দ্রনাথ দত্ত এম, এ, বি, এল্।
„ সারদাচরণ মিত্র এম, এ, বি, এল্।
মাননীয় „ আশুতোষ মুখোপাধ্যায় এম্ এ, ডি এল্।
„ আনন্দমোহন বসু এম্ এ, ব্যারিষ্টার।
„ সারদারঞ্জন রায় এম্ এ।
„ রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী এম্ এ।
„ শিবাপ্রসন্ন ভট্টাচার্য্য বি, এল।
„ নগেন্দ্রনাথ বসু।
„ ব্যোমকেশ মুস্তফী।
„ অমৃতলাল বসু।
„ রায় যতীন্দ্রনাথ চৌধুরী এম্ এ, বি, এল্ সম্পাদক।

এই সমিতির সাতটি অধিবেশন হইয়াছিল। গভর্মেণ্টের প্রস্তাবিত

নূতন প্রণালীর বিশেষ আলোচনা করিয়া উহার সংশোধনার্থ এই সমিতি গভর্মেণ্টে পাঠাইবার জন্য আবেদনের এক পাণ্ডুলিপি প্রস্তুত করেন এবং তাহা পরিষদের কার্য্যনির্ব্বাহক সমিতির হস্তে দিয়া সমিতি ভঙ্গ করেন। ঐ আবেদনের বিবরণ ইতিপূর্ব্বে প্রদত্ত হইয়াছে।

(ঝ) নিয়মাবলী-সংস্কার সমিতি,—কার্য্য-নির্ব্বাহক সমিতির নবম অধিবেশনে আগামী বর্ষের জন্য নিয়মাবলী সংশোধন, পরিবর্জ্জন, পরিবর্দ্ধনাদি করিবার জন্য এই সমিতি গঠিত হয়। ইহাতে নিম্নলিখিত ব্যক্তিগণ সভ্য গৃহীত হন,

শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী এম্ এ, বি, এল্।
" হীরেন্দ্রনাথ দত্ত এম্ এ, বি, এল।
" রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্ এ।
" হেমেন্দ্রপ্রসাদ ঘোষ বি, এ।
" সুরেশচন্দ্র সমাজপতি।
" ব্যোমকেশ মুস্তফী।

এই সমিতির এক অধিবেশনে শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফীকৃত এক পাণ্ডুলিপি আলোচিত হয়। তৎপরে আর এক অধিবেশনে রামেন্দ্র বাবুর প্রস্তাবিত কয়েকটি নূতন নিয়ম এবং হেমেন্দ্র বাবুর কয়েকটি চূর্ণক হীরেন্দ্র বাবুকে দেওয়া হইয়াছে। হীরেন্দ্রবাবু উহার আবশ্যকমত পরিবর্ত্তনাদি করিয়া স্বীয় মন্তব্যসহ মাসিক অধিবেশনে উপস্থিত করিবেন।

এতদ্ভিন্ন অন্যান্য শাখাসমিতিগুলির কার্য্য আলোচনার্থে বিশেষ কিছু অগ্রসর না হওয়ায় কার্য্যনির্ব্বাহক সমিতির সপ্তম অধিবেশনে শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফীর প্রস্তাবমতে ২০ চৈত্র সোমবার অপরাহ্ণ ৫।০টার সময় পরিষদের নূতন কার্য্যালয়ে সমস্ত শাখাসমিতির এক সমবেত অধিবেশন হয়। উক্ত অধিবেশনে বহু আলোচনার পর এবং পরিষদের ২৮শে চৈত্রের দশম মাসিক অধিবেশনের অনুমোদনে সমস্ত শাখাসমিতি নিম্নলিখিত ভাবে পুনর্গঠিত হওয়া অবধারিত হয়। একজাতীয় বিভিন্ন শাখাসমিতি মিলিত করিয়া, তৎসমস্তের সভ্যগণকে লইয়া এক একটী মূল শাখাসমিতি গঠিত করিলে শাখাসমিতির উদ্দেশ্য অধিকতর সুবিধার সহিত সাধিত হইবে বিবেচনায়, শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী মহাশয়ের প্রস্তাব অনুসারে,—

(১) গ্রন্থ-প্রকাশ সমিতি, প্রাচীন সাহিত্যসমিতি, কৃত্তিবাসী রামায়ণ সমিতি, কাশীদাসী মহাভারত সমিতি, কবিকঙ্কন চণ্ডীসমিতি এবং রামমোহনের রামায়ণ সমিতি মিলিত হইয়া "গ্রন্থপ্রকাশ সমিতি" নামক একটি মূল শাখা-সমিতি গঠিত হয়, শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু ও শ্রীযুক্ত মৃণালকান্তি ঘোষ যথা-ক্রমে তাহার সম্পাদক ও সহকারী-সম্পাদক নিয়োজিত হন এবং প্রাচীন বাঙ্গালা গ্রন্থ অনুসন্ধান, সংগ্রহ, সংরক্ষা ও প্রকাশ করাই ঐ শাখাসমিতির কার্য্য নির্ণীত হয়। প্রয়োজন হইলে কার্য্য-সৌকর্য্যার্থ, নিজেদের মধ্য হইতে একটি কার্য্যনির্ব্বাহক সমিতি গঠন করিবার পক্ষে এই সমিতির সভ্যগণের অধিকার আছে।

(২) পরিভাষা সমিতি ও উদ্ভিদ্ পরিভাষা সমিতি মিলিত হইয়া "পরি-ভাষা সমিতি" নামক একটি মূল শাখা সমিতি গঠিত হয় এবং শ্রীযুক্ত রামেন্দ্র-সুন্দর ত্রিবেদী এম্ এ, তাহার সম্পাদক নিয়োজিত হন।

(৩) বাঙ্গালা ভাষার ব্যাকরণ প্রস্তুত করিবার সময় এখনও উপস্থিত হয় নাই বিবেচনায়, ভাষা ও ব্যাকরণ সমিতি নামের পরিবর্ত্তে ঐ সমিতির নাম "ভাষাবিজ্ঞান সমিতি" হয়, শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত এম্ এ, বি, এল্, তাহার সম্পাদক নিয়োজিত হন এবং বাঙ্গালা ভাষার প্রাদেশিক বিভিন্নতা এবং ঐতিহাসিক ক্রম অনুসন্ধান ও আলোচনা করা ঐ শাখাসমিতির কার্য্য নির্ণীত হয়।

(৪) ঐতিহাসিক সমিতির কার্য্য কিছু সঙ্কীর্ণ করিয়া এবং প্রাচীন শব্দ সমিতির কার্য্য কিছু বৃদ্ধি করিয়া উভয়ের পরিবর্ত্তে "শব্দসমিতি" নামক একটি মূল শাখাসমিতি গঠিত হয় এবং শ্রীযুক্ত হেমেন্দ্রপ্রসাদ ঘোষ বি এ, তাহার সম্পাদক নিয়োজিত হন। এতদ্ভিন্ন শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফীর প্রস্তাবে

(৫) গ্রন্থসমিতি নামের পরিবর্ত্তে, ঐ সমিতির নাম "গ্রন্থ-রচনা সমিতি" হয় এবং নিয়মাবলীর ২৭ ও ২৬ ধারা অনুসারে কার্য্য করিবার ভারসহ শ্রীযুক্ত রজনীকান্ত গুপ্ত তাহার সম্পাদক নিয়োজিত হয়।

এইরূপে একণে পরিষদের মোট পাঁচটি শাখাসমিতি একপ্রকার স্থায়ীভাবে গঠিত হইয়াছে,—(১) গ্রন্থপ্রকাশ সমিতি, (২) পরিভাষা সমিতি, (৩) ভাষা-বিজ্ঞান সমিতি, (৪) শব্দ সমিতি ও (৫) গ্রন্থরচনা সমিতি। নিয়মাবলীর

সংস্কার হইয়া গেলে, নিয়মাবলী-সংস্কার সমিতি পূর্ব্ব পূর্ব্ব বারের ন্যায় ভঙ্গ হইবে।

**পরিষৎ পুস্তকালয়,**—আলোচ্য বর্ষের শেষে পুস্তকালয়ে সর্ব্বশুদ্ধ ৮৫৮ খানি পুস্তক ও ১৮ খানি পুঁথি সংগৃহীত হইয়াছে এবং নিয়মিত ভাবে ৪২ খানি সাময়িক পত্র আসিতেছে। ১৩০৩ সালের শেষে পুস্তকের সংখ্যা ৭৯২ খানি ছিল, আলোচ্য বর্ষে আর ৬৬ খানি পুস্তক বাড়িয়াছে, ইহার মধ্যে ৪ খানি ক্রীত এবং ৬২ খানি উপহার প্রাপ্ত হওয়া গিয়াছে। ইহার মধ্যে ৯ খানি হিন্দী, ১৩ খানি ইংরাজী, ১ খানি সংস্কৃত ও ৪০ খানি বাঙ্গালা পুস্তক। আলোচ্য বর্ষে যিনি যতগুলি পুস্তক উপহার দিয়াছেন, পরিশিষ্টে তাহার তালিকা প্রদত্ত হইল ( ঙ পরিশিষ্টে দ্রষ্টব্য )। আলোচ্য বর্ষে পুস্তকালয় হইতে সভ্যগণ ২১৪ খানি পুস্তক ও পত্রিকাদি পাঠ করিতে লইয়াছিলেন। শ্রীযুক্ত মৃণালকান্তি ঘোষ পরিষৎ পুস্তকালয়ের উন্নতি-বিধানার্থ আলোচ্যবর্ষে প্রস্তাব করিয়াছিলেন, পরিষদের বর্ত্তমান কার্য্যালয়ে ইংরাজী ও বাঙ্গালা সংবাদ-পত্র প্রাতে ও অপরাহ্নে সাধারণের পাঠের জন্য রাখা হউক। অমৃত-বাজার পত্রিকার সম্পাদক ও স্বত্বাধিকারী মহাশয়েরা তাঁহাদের কার্য্যালয়ের নানাবিধ বিদেশীয়, ভারতের অন্য প্রদেশীয় ইংরাজী এবং বাঙ্গালা সংবাদপত্র এতদুদ্দেশ্যে দান করিতে স্বীকৃত হইয়াছেন। সর্ব্বসম্মতিক্রমে এই প্রস্তাবানুসারে কার্য্যও আরম্ভ হইয়াছে।

**পুঁথি-সংগ্রহ,**—আলোচ্য বর্ষে পরিষৎ হইতে পুঁথিসংগ্রহ কার্য্যবিশেষ অগ্রসর হয় নাই, কেবল পরিষদের অন্যতম সদস্য শ্রীযুক্ত কিরণ চন্দ্র দত্ত কাশীদাসী মহাভারতের কয়েক পর্ব্ব শতাধিক বর্ষের পুঁথি অতি সামান্য মূল্যে সংগ্রহ করায় উহা পরিষৎ হইতে ক্রীত হইয়াছে। এতদ্ভিন্ন বিশ্বকোষ-সঙ্কলয়িতা শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসুর ন্যায় মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী এম, এ, মহাশয়ও স্বসংগৃহীত প্রায় ৪।৫ শত বাঙ্গালা পুঁথি পরিষদের কার্য্যে নিয়োজিত করিতে এবং প্রয়োজন হইলে এসিয়াটিক সোসাটির লাইব্রেরী হইতে বাঙ্গালা পুঁথি আনাইয়া দিতে স্বতঃপ্রবৃত্ত হইয়া স্বীকৃত হইয়াছেন; এজন্য পরিষৎ তাঁহার নিকট অনুগৃহীত হইয়া রহিলেন।

আগামী বর্ষে নব-প্রস্তাবিত "প্রাচীন বাঙ্গালা গ্রন্থাবলী" প্রকাশ-কল্পে মহামহোপাধ্যায় মহাশয়ই নিজ পুঁথি হইতে ৫ খানি পুঁথি দিয়াছেন।

**বিশ্ববিদ্যালয়ে বাঙ্গালা,**—পরিষদের চেষ্টায় এফ, এ, ও বি, এ পরীক্ষায় বাঙ্গালা রচনার পরীক্ষা লইবার যে প্রথা প্রবর্ত্তিত হইয়াছে, তাহার বিবরণ পূর্ব্ব পূর্ব্ব বার্ষিক বিবরণীতে আছে। বৎসর বৎসর এই পরীক্ষায় পরীক্ষার্থীর সংখ্যা বাড়িতেছে। গত ইংরাজী ১৮৯৮ সালে যে পরীক্ষা হয়, তাহার বি, এ, পরীক্ষায় বাঙ্গালা রচনায় শ্রীযুক্ত পঞ্চানন বন্দ্যোপাধ্যায় সর্ব্ব প্রথম হন। আলোচ্যবর্ষে রাজা শ্রীযুক্ত বিনয়কৃষ্ণ দেব বাহাদুর তাঁহাকে এককালীন ৫০৲ টাকা পুরস্কার দিয়াছেন। গত ১৮৯৯ সালের বি এ পরীক্ষায় যিনি সর্ব্বপ্রথম হইয়াছেন, তাঁহার নাম শ্রীযুক্ত বিপিনচন্দ্র রায় (ঢাকা কলেজ।) ১৮৯৯ সালে মোট ২৮০০ জন এবং গত ১৯০০ সালের পরীক্ষায় ৩১৩৩ জন পরিক্ষার্থী উপস্থিত হইয়াছিল।

**রাজবৃত্তি লাভ,**—এতদিন এদেশে সাধারণ সাহিত্য সেবিগণ গভর্মেণ্ট হইতে কোনরূপ রাজ-সাহায্য প্রাপ্ত হইতেন না। টোলের অধ্যাপকেরা উপাধি-পরীক্ষায় ছাত্র পাঠাইয়া ছাত্রকে পরীক্ষায় উত্তীর্ণ করিতে পারিলে কিছু কিছু অর্থ পুরস্কারস্বরূপ এককালীন দান পাইতেন মাত্র। আলোচ্য বর্ষে কবিবর হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়কে উপলক্ষ করিয়া দুঃস্থ সাহিত্য-সেবীকে রাজ-বৃত্তি দিবার প্রস্তাব রাজা শশিশেখরেশ্বর রায় সর্ব্বপ্রথম বাঙ্গালা গভর্মেণ্টে উপস্থিত করেন। পরে গভর্মেণ্ট হইতে ঐরূপ বৃত্তি দিবার ব্যবস্থা হইয়াছে। আলোচ্য বর্ষে মহাভারতের ইংরাজী অনুবাদক, শ্রীযুক্ত কিশোরীমোহন গঙ্গোপাধ্যায় মহাশয়কে মাসিক ১০৲ টাকা এবং পরিষদের অন্যতম সভ্য বাঙ্গালা ভাষার সর্ব্বাপেক্ষা বৃহৎ ইতিহাস-লেখক শ্রীযুক্ত দীনেশ চন্দ্র সেন, বি, এ, এবং কবিবর শ্রীযুক্ত হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয়ও মাসিক ২৫৲ টাকা করিয়া রাজ-বৃত্তি লাভ করিয়াছেন। পরিষৎ এই সকল সংবাদে আন্তরিক আনন্দপ্রকাশ করিতেছেন। কবিবর হেমচন্দ্রের বৃত্তি-নির্দ্ধারণ জন্য পরিষদের আবেদন গভর্মেণ্ট অনুগ্রহপূর্ব্বক গ্রাহ্য করিয়াছেন জানিয়া গভর্মেণ্টকে বিশেষ কৃতজ্ঞতার সহিত ধন্যবাদ দিতেছেন। (গভর্মেণ্ট হইতে উক্ত আবেদনের যে উত্তর আসিয়াছে, তাহা "খ। ১" পরিশিষ্টে দ্রষ্টব্য।)

**আয় ব্যয়,**—আলোচ্য বর্ষে পরিষদের মোট আয় ২৮৯৮৵১৫ হইয়াছে, তন্মধ্যে পূর্ব্ববৎসরের উদ্বৃত্ত ১৬১৸৵১৫ ছিল। উহা বাদে আলোচ্য বর্ষের সর্ব্বপ্রকারে আয় ২৭৩৬॥০ টাকা। আলোচ্য বর্ষে মোট ব্যয় ২৫১৬৸৵১৫ টাকা হইয়াছে। উহা বাদে বর্ষশেষে মোট ৩৮১।৵০ টাকা মজুত আছে। ইহার মধ্যে সেভিংস্ ব্যাঙ্কে ২২৫৲ টাকা ও ধনরক্ষকের নিকট ১৫৬।৵০ টাকা আছে। (বিশেষ বিবরণ "চ" পরিশিষ্টে দ্রষ্টব্য।)

**গ্রন্থপ্রকাশ তহবিল,**—আলোচ্য বর্ষের প্রথমে এই তহবিলে ৮৯৬৸৵০ মজুত ছিল। ইহার ধনরক্ষক রাজা শ্রীযুক্ত বিনয়কৃষ্ণ দেব বাহাদুর আলোচ্য বর্ষে প্রাচীনগ্রন্থ প্রকাশের জন্য এই সমিতির সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসুকে ৫৭৫৲ টাকা এবং ঐতিহাসিক তথ্য-সংগ্রহের ব্যয় ৭৫৲ টাকা দেওয়ায় বেঙ্গল ব্যাঙ্কে ১৭৫৲ ও ধনরক্ষক রাজা বাহাদুরের নিকট ৭১৸৵০ মজুত আছে। (বিশেষ বিবরণ "ছ" পরিশিষ্টে দ্রষ্টব্য।)

**পরিষৎ-কার্য্যালয়ে স্থানান্তর-করিবার চাঁদা,**

পরিষৎ স্থানান্তরিত করিবার অতিরিক্ত ব্যয়-নির্ব্বাহার্থ পরিষদের হিতৈষী কতিপয় বন্ধু আলোচ্য বর্ষে কিছু টাকা এককালীন দান করেন। উহা হইতে চেয়ার টেবিল ইত্যাদি ক্রয়ে এ পর্য্যন্ত ৩৫০৲ খরচ হইয়াছে। এতদ্ভিন্ন পরিষদের-কতিপয় বন্ধু কতকগুলি প্রয়োজনীয় আসবাব পরিষৎকে দান করিয়াছেন। ঐ সকলের মূল্যও ২০০৲ শত টাকার ন্যূন নহে। ইহাদের নাম ও দানের পরিমাণ প্রকাশ করিতে নিষেধ থাকায় তাহা প্রকাশিত হইল না।

**এনসাইক্লোপিডিয়ার চাঁদা,**—পূর্ব্ববর্ষে এনসাইক্লো-পিডিয়া ক্রয় করিবার জন্য একটি বিশেষ চাঁদা সংগৃহীত হয়। ১০জন লোকে ১৮০৲ টাকা চাঁদা স্বাক্ষর করিয়াছিলেন; তন্মধ্যে পূর্ব্ব বর্ষে ৯॥০ ও আলোচ্য বর্ষে ৬৫৲ টাকা, মোট ৭৪॥০ টাকা মাত্র আদায় হইয়াছে। সকলে চাঁদা দেন নাই; যাঁহারা দিয়াছেন, তাঁহাদের নিকট আর ২০৲ টাকা বাকী আছে। উহা আদায় হইলে এই পুস্তক ক্রয় করিতে যে ৩০০৲ টাকা খরচ পড়িয়াছে, উহার মধ্যে পরিষদের তহবিল হইতে ২০৫॥০ টাকা লাগিয়াছে বলিতে হইবে।

**বেণ্ডল পার্টির চাঁদা,**—পূর্ব্ববর্ষে বেণ্ডল সাহেবের অভিনন্দনের অতিরিক্ত ব্যয়-নির্ব্বাহার্থ অতিরিক্ত চাঁদা সংগ্রহ করা হয়। ১৪ জনে ৯৫॥৹ টাকা চাঁদা স্বাক্ষর করেন; কিন্তু পূর্ব্ববর্ষের ৮৩॥৹ ব্যতীত বাকী ১২৲ টাকা আলোচ্য বর্ষেও আদায় হয় নাই।

**পুস্তকালয়ের এককালীন চাঁদা,**—পরিষৎ-পুস্তকালয়ের উন্নতি কল্পে ৮ জন লোকে ৬৩৲ টাকা এককালীন দান করিতে স্বীকৃত হন। পূর্ব্ববর্ষে তন্মধ্যে ৫৯৲ টাকা আদায় হয়। আলোচ্যবর্ষে বাকী ৮৲ টাকা আদায় হয় নাই।

**কৃতজ্ঞতা-প্রকাশ,**—আলোচ্যবর্ষে পরিষৎ অনেকের নিকট নানাবিধ প্রকারে কৃতজ্ঞতা-পাশে আবদ্ধ হইয়াছেন। তাঁহাদিগের যত্ন ও সাহায্যে পরিষৎ আর এক বৎসর নির্ব্বিঘ্নে স্বকার্য্যসাধন করিয়া উন্নতি-পথে অগ্রসর হইয়াছেন। বর্ষশেষে পরিষৎ বিনীত-ভাবে তাঁহাদের নিকট আন্তরিক কৃতজ্ঞতা জানাইতেছেন। আলোচ্যবর্ষে পুরস্কার-দাতা শ্রীযুক্ত মন্মথচন্দ্র মল্লিক, শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী এম, এ, বি, এল্ ও রাজা শ্রীযুক্ত বিনয়কৃষ্ণ দেব বাহাদুরের নিকট পরিষৎ অত্যন্ত কৃতজ্ঞ আছেন। শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী কেবল পুরস্কার নহে, নব-প্রস্তাবিত প্রাচীন গ্রন্থাবলী-প্রকাশের অর্দ্ধেক ব্যয় দিতে প্রস্তুত হওয়ায় পরিষৎ তাঁহার নিকট আরও ঋণী। আলোচ্য বর্ষে যাঁহারা পরিষদে গ্রন্থ, পুঁথি, সাময়িক পত্র প্রভৃতি উপহার বা সংগ্রহ করিয়া দিয়াছেন, তাঁহাদিগকে পরিষৎ অন্তরের সহিত অসংখ্য ধন্যবাদ দিতেছেন এবং যাঁহারা পরিষদের পুস্তকালয়ে পরিষদের পাঠকবর্গের জন্য নানাবিধ সংবাদ-পত্র নিয়মমত প্রদান করিতেছেন, তাঁহাদের নিকট পরিষৎ চির-কৃতজ্ঞতা পাশে আবদ্ধ রহিলেন। তাঁহাদের বদান্যতাতেই পরিষৎ-পুস্তকালয়ের এতটা উন্নতি হইয়াছে। পরিষৎ আশা করেন, বাঙ্গালা গ্রন্থকার, সম্পাদক ও পুস্তকাদি-প্রকাশকগণের এই অনুগ্রহ আগামী বর্ষেও অক্ষুণ্ণ থাকিবে। যে সকল ইংরাজী বাঙ্গালা সংবাদ-পত্র পরিষদের কার্য্য-বিবরণী ও বিজ্ঞাপনাদি অনুগ্রহপূর্ব্বক প্রকাশ করিয়া পরিষদের কার্য্য সম্পাদনে সহায়তা করিয়াছেন, তাঁহারাও পরিষৎকে বিশেষভাবে সাহায্য করিয়া-

ছেন, বলিয়া পরিষদের ধন্যবাদার্হ। তৎপরে পরিষদের অবৈতনিক কর্ম্মচারি-গণ কার্য্য-নির্ব্বাহক সমিতির সদস্যগণ, শাখা-সমিতির সম্পাদকগণ ও সভ্যগণ এবং সাধারণ সভ্যগণের মধ্যে যাঁহারা সর্ব্বদা মাসিক সভায় উপস্থিত হইয়া পরিষদের কার্য্য-সম্পাদনে অশেষ যত্ন ও পরিশ্রম করিয়াছেন, পরিষৎ তাঁহাদের নিকট বিশেষভাবে কৃতজ্ঞ ও ঋণী। এই স্থলে পরিষদের সভাপতি শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ ঠাকুর মহাশয়ের নাম বিশেষভাবে উল্লেখ করা আবশ্যক। গত তিন বৎসর কাল তিনি বৃদ্ধ বয়সে, অসুস্থ-দেহে যেরূপ অশ্রান্ত পরিশ্রম করিয়া পরিষদের কার্য্য নির্ব্বাহ করিয়াছেন, তাহা অতুলনীয়। তাঁহার ন্যায় ধীর, স্থির, গম্ভীর ও শান্ত-প্রকৃতিক অথচ গভীর-বুদ্ধিশালী সভাপতি পাইয়া পরিষৎ গৌরবান্বিত হইয়াছেন।

**পরিষদের গৃহ-নির্ম্মাণ;**—উপসংহার কালে একটী বিশেষ আনন্দকর সংবাদ শুনাইয়া এই কার্য্য-বিবরণ সমাপ্ত করা যাইতেছে। বিষয়টি যদিও আলোচ্য বর্ষে ঘটে নাই, তথাপি কার্য্যবিবরণ-প্রকাশের পূর্ব্বেই ঘটায়, উহার ন্যায় প্রয়োজনীয় ও আনন্দকর সংবাদ ইহার মধ্যে সন্নিবিষ্ট না করিয়া থাকিতে পারা যায় না। পরিষদের অন্যতম সভ্য শ্রীযুক্ত চারুচন্দ্র ঘোষ কাশীমবাজারের মহারাজ মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুরের নিকট কোন সময়ে পরিষদের নিজের বাটী-নির্ম্মাণের জন্য একটু জমী চাহিয়া-ছিলেন। সদয়-হৃদয়, বিদ্যোৎসাহী মহারাজও তাহাতে সম্মত হন। পরে গত গুড্ ফ্রাইডের ছুটীতে শ্রীযুক্ত চারুচন্দ্র ঘোষ, শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত এম, এ, বি, এল্, শ্রীযুক্ত সুরেশচন্দ্র সমাজপতি, শ্রীযুক্ত রজনীকান্ত গুপ্ত ও শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু কাশীমবাজারে গিয়াছিলেন। মহারাজও পরিষদের বাটী-নির্ম্মাণার্থ তাঁহার কলিকাতার জমী হইতে পরিষদের গৃহোপযোগী জমী দান করিয়াছেন। তৎপরে হীরেন্দ্রবাবু প্রভৃতি নসীপুরের রাজা মাননীয় শ্রীযুক্ত রণজিৎ সিংহ বাহাদুর, মুরসিদাবাদের নবাব বাহাদুর, মাননীয় শ্রীযুক্ত বৈকুণ্ঠনাথ সেন, রায় শ্রীনাথ পাল বাহাদুর প্রভৃতির সহিত সাক্ষাৎ করায়, তাঁহারাও পরিষদের বাটী-নির্ম্মাণার্থ অর্থ-সাহায্য করিবেন বলিয়া আশা দিয়া-ছেন। পরিষৎ বিশেষ কৃতজ্ঞভাবে মহারাজ মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুরকে এবং অন্যান্য সহৃদয় ব্যক্তিকে ধন্যবাদ প্রদান করিতেছেন। চারুবাবু-প্রভৃতি যে পাঁচ-

জনের আন্তরিক যত্নে ও পরিশ্রমে এতদিন পরে পরিষদের নিজের একটী আশ্রয় স্থান হইবার সূত্রপাত হইল, তাঁহারাও পরিষদের অসংখ্য ধন্যবাদের পাত্র। ইঁহাদের নিকট ও ভূমি-দাতা মহারাজ বাহাদুরের নিকট পরিষৎ চির-ঋণী রহিলেন।

উপসংহার ;—পরিষৎ যথাসাধ্য স্বীয় উদ্দেশ্যে লক্ষ্য রাখিয়া আজ ছয় বৎসর কাল অল্প-বিস্তর কার্য্য করিয়া আসিতেছেন। ইহার স্বতঃ পরতঃ চেষ্টায় আজকাল বাঙ্গালার প্রাচীন লুপ্ত-প্রায় গ্রন্থোদ্ধারের প্রতি সাধারণের মন আকৃষ্ট হইয়াছে। এখন প্রায় সমস্ত মাসিক পত্রেই কিছু না কিছু প্রাচীন-বাঙ্গালা-সাহিত্যের সংবাদ থাকে। পুরাতন কবির বিবরণ দিতে পারিলে, পড়িতে পাইলে, সাময়িক পত্রের লেখক ও পাঠক যেন মহাতৃপ্ত হন। পরিষদের প্রভাবে এখন মফঃস্বলেও অনেক স্থান হইতে পুরাতন গ্রন্থ-প্রকাশের জন্য সভা-সমিতি হইয়াছে। অনেক মাতৃভাষানুরাগী, বিদ্যোৎসাহী ব্যক্তি অনেকগুলি পুরাতন বাঙ্গালাগ্রন্থের উদ্ধার করিয়া মুদ্রিত করিয়াছেন। বিশ্ববিদ্যালয়েও উচ্চ পরীক্ষায় বাঙ্গালা-ভাষায় রচনা-পরীক্ষা আরম্ভ হইয়াছে। এতদ্ব্যতীত দুরূহ পাশ্চাত্য দর্শন-শাস্ত্র বাঙ্গালী কৃতবিদ্যগণকর্তৃক কলিকাতায় বিশ্ববিদ্যালয়ের নিকট ছাত্রগণের সমক্ষে বাঙ্গালাভাষায় আলোচিত হইতেছে। পরিষদের প্রতি মাসিক অধিবেশনে এখন অনেক সমবেত হইয়া বাঙ্গালা-সাহিত্য লইয়া দু'দণ্ড কথাবার্ত্তা কহিয়া থাকেন, ইহাও কম সুলক্ষণ নহে। ইহার উপর দেশের মান্যগণ্য সম্ভ্রান্ত শিক্ষিত রাজা-জমিদারগণও দিন দিন পরিষদের ধীর স্থির কার্য্য-প্রণালীতে প্রীত হইয়া ইহার প্রতি আকৃষ্ট হইতেছেন, ইহাও পরিষদের কৃত-কার্য্যতার একটা পরিচয় বটে। যাহা হউক, অবশেষে উপসংহার স্থলে এই সপ্তম বর্ষে নব অনুরাগে ও উৎসাহে কার্য্য করিতে প্রবৃত্ত হইয়া পরিষৎ বিনীতভাবে প্রার্থনা করিতেছেন যে, এই শিশু সাহিত্যালোচনী সভার ইহার প্রবর্ত্তিত সদনুষ্ঠান-সমূহে যেন আন্তরিক উৎসাহের সহিত যোগ দিয়া, ইহার উদ্দেশ্য সফল করেন।

| সাহিত্য পরিষৎ কার্য্যালয়, | কার্য্য-নির্ব্বাহক সমিতির অনুমত্যনুসারে |
|---|---|
| ১৩৭।১ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, | শ্রীরায় যতীন্দ্রনাথ চৌধুরী, |
| ৩০শে চৈত্র, ১৩০৬ সাল। | অবৈতনিক সম্পাদক। |

"ক" পরিশিষ্ট।

# সভ্যবর্গের নাম ও ঠিকানা।

১। শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ ঠাকুর, ( বিশিষ্ট ), ৬নং দ্বারকানাথ ঠাকুরের লেন, যোড়াসাঁকো, কলিকাতা।

২। " রায় কালীপ্রসন্ন ঘোষ বাহাদুর, ( বিশিষ্ট ), বান্ধব-কুটীর, ঢাকা।

৩। " চন্দ্রনাথ বসু এম্ এ, বি এল্, ( বিশিষ্ট ), ৫নং রঘুনাথ চট্টোপাধ্যায়ের লেন, বাদুড়বাগান, কলিকাতা।

৪। " হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়, এম্ এ, বি এল্, ( বিশিষ্ট ), পদ্মপুকুর রোড, খিদিরপুর।

৫। " নবীনচন্দ্র সেন, বি এ, ( বিশিষ্ট ), ডেপুটী ম্যাজিষ্ট্রেট, কুমিল্লা ত্রিপুরা।

৬। " রমেশচন্দ্র দত্ত, সি, আই, ই, ( বিশিষ্ট ), অধ্যাপক, ইউনিভারসিটি কলেজ, লণ্ডন।

৭। Sir George Biadwood K. C. I. E. ( বিশিষ্ট ), ইংলণ্ড।

৮। Jhon Beams. Esqr. ( বিশিষ্ট ), ইংলণ্ড।

৯। সত্যেন্দ্রনাথ ঠাকুর, জমীদার, ৯নং ষ্টোর রোড বালীগঞ্জ।

১০। রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুর, শোভাবাজার রাজবাটী, ১০৬।১ গ্রে ষ্ট্রীট, কলিকাতা।

১১। " কুমার শরৎকুমার রায় এম্ এ, ( দিঘাপতিয়া রাজবাটী ) ৮৬নং লোয়ার সারকুলার রোড, কলিকাতা।

১২। " " হেমেন্দ্রকুমার রায়, ( দিঘাপতিয়া রাজবাটী ) ৮৬নং লোয়ার সারকুলার রোড, কলিকাতা।

১৩। " " মন্মথনাথ মিত্র রায় বাহাদুর, কামাপুকুর রাজবাটী, ১ নং কামাপুকুর লেন, কলিকাতা।

১৪। " " দক্ষিণেশ্বর মালিয়া, সিয়ারশোল রাজবাটি, রাণীগঞ্জ বৰ্দ্ধমান।

১৫। " " প্রমথনাথ মালিয়া, সিয়ারশোল রাজবাটী, রাণীগঞ্জ, বৰ্দ্ধমান।

১৬। " " শরদিন্দুনারায়ণ রায়, জেমো রাজবাটী, কান্দী, মুরশিদাবাদ।

১৭। শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর, জমীদার, ৬নং দ্বারকানাথ ঠাকুরের লেন, যোড়াসাঁকো, কলিকাতা।

১৮। " জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর, জমীদার, ৯ নং বালীগঞ্জ ষ্টোর রোড, কলিকাতা।

১৯। " গগনেন্দ্রনাথ ঠাকুর, জমীদার, ৬নং দ্বারকানাথ ঠাকুরের লেন, যোড়াসাঁকো, কলিকাতা।

২০। " ক্ষিতীন্দ্রনাথ ঠাকুর, বি এ, তত্ত্বনিধি, জমিদার, ৬নং দ্বারকানাথ ঠাকুরের লেন, যোড়াসাঁকো, কলিকাতা।

২১। " রমানাথ ঘোষ, জমীদার, ৪৭ নং পাথুরেঘাটা ষ্ট্রীট, কলিকাতা।

২২। " রায় যতীন্দ্রনাথ চৌধুরী এম্ এ; বি এল্, জমীদার, ( টাকী ২৪ পরগণা ), কুটিঘাটা, বরাহনগর।

২৩। " হেমচন্দ্র বসু মল্লিক, জমীদার, ১২নং ওয়েলিংটন স্কোয়ার, ডিঙ্গাভাঙ্গা, কলিকাতা।

২৪। " অমরকৃষ্ণ মিত্র, জমীদার, ১০ নং নীলমণি মিত্রের ষ্ট্রীট, দরজী-পাড়া, কলিকাতা।

২৫। " অমরেন্দ্রনাথ পাল চৌধুরী, বি এ, জমীদার ( রাণাঘাট ) ২৮ গোয়াবাগান লেন, কলিকাতা।

২৬। " দেবেন্দ্রপ্রসাদ ঘোষ, জমীদার ( চৌগাছা, খুলনা ), ৮২নং সীতারাম ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

২৭। " যোগেন্দ্রচন্দ্র ঘোষ, জমীদার, ১নং নিমকমহল রোড, খিদিরপুর।

২৮। " অচ্যুতচরণ চৌধুরী, তত্ত্বনিধি, জমীদার, মৈনা, কানাইবাজার, শ্রীহট্ট।

২৯। " মণীন্দ্রচন্দ্র রায় চৌধুরী, জমীদার, সদ্য-পুষ্করিণী, পোঃ আঃ শ্যাম-পুর, জেলা রঙ্গপুর।

৩০। " নন্দলাল গোস্বামী, জমীদার, শ্রীরামপুর, হুগলী।

৩১। " নৃসিংহদেব চক্রবর্ত্তী, জমিদার, গুজাদিয়া, কিশোরগঞ্জ, ময়মন-সিংহ।

৩২। " রমণীমোহন মল্লিক, জমীদার, মেহেরপুর, নদীয়া।

৩৩। " নৃত্যগোপাল দত্ত, জমীদার, মজিলপুর, জয়নগর।

৩৪। " প্রিয়নাথ মিত্র, জমীদার, ঐ ঐ।

৩৫। " বিনোদবিহারী বসু, বি এ, জমীদার ৬১।২ বাগবাজার ষ্ট্রীট, কলিকাতা।

৩৬। " বিপিনবিহারী বসু, বি এ, জমীদার, ৬১।২ বাগবাজার ষ্ট্রীট,

৩৭। " নরনাথ মুখোপাধ্যায়, জমীদার, হোমিহোম, ২৯নং বেনিয়াপুকুর রোড, ইটালী, কলিকাতা।

৩৮। " হেমেন্দ্রপ্রসাদ ঘোষ বি এ, জমীদার (চৌগাছা), ৮২ নং সীতারাম ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

৩৯। মাননীয় বিচারপতি শ্রীযুক্ত গুরুদাস বন্দ্যোপাধ্যায় এম্ এ; ডি এল্, ১৯নং ষষ্ঠীতলা রোড, নারিকেলডাঙ্গা।

৪০। মাননীয় বিচারপতি শ্রীযুক্ত চন্দ্রমাধব ঘোষ, ৩নং আলবার্ট রোড, খিদিরপুর।

৪১। মাননীয় ডাক্তার শ্রীযুক্ত আশুতোষ মুখোপাধ্যায়, এম্ এ; ডি এল্; এফ্, আর, এস্, ই, ৭৭ নং রসা রোড, ভবানীপুর।

৪২। মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী এম্ এ, ১২।১।৪ পটলডাঙ্গা ষ্ট্রীট, কলিকাতা।

৪৩। রায় শ্রীযুক্ত বৈকুণ্ঠনাথ বসু বাহাদুর, ১৬৭নং মাণিকতলা ষ্ট্রীট, রামবাগান, কলিকাতা।

৪৪। রায় ডাক্তার শ্রীযুক্ত চুনিলাল বসু বাহাদুর, এম বি; এফ, সি, এস, ২৪ নং মহেন্দ্রনাথ বসুর লেন, শ্যামবাজার, কলিকাতা।

৪৫। শ্রীযুক্ত নন্দকৃষ্ণ বসু এম্ এ; সি, এস্, ম্যাজিষ্ট্রেট (নদীয়া), ৬৩নং হরিঘোষের ষ্ট্রীট, দরজীপাড়া, কলিকাতা।

৪৬। " বরদাচরণ মিত্র এম্ এ; সি, এস্, জজ, রঙ্গপুর।

৪৭। এ, চৌধুরী, স্কোয়ার, এম এ, ব্যারিষ্টার, ৭৬নং লোয়ার সারকুলার রোড, কলিকাতা।

৪৮। এম, সি, মল্লিক স্কোয়ার, ১১নং লালবাজার ষ্ট্রীট, কলিকাতা।

৪৯। পি, এন, মিত্র স্কোয়ার, ব্যারিষ্টার, ২০৯ নং লোয়ার সারকুলার রোড, কলিকাতা।

৫০। সি, আর, দাস স্কোয়ার, ব্যারিষ্টার, ১১নং বেদিয়াপাড়া রোড, ভবানীপুর।

৫১। শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত এম্ এ; বি এল্, এটর্ণী, ১৩৯ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, হাতিবাগান, কলিকাতা।

৫২। " সারদাচরণ মিত্র এম্ এ;বি এল্, উকীল, ৮৫নং গ্রে ষ্ট্রীট, হাতি-বাগান, কলিকাতা।

৫৩। " হারাণচন্দ্র বন্দ্যোপাধ্যায় এম্ এ; বি এল্, উকীল, ও অধ্যাপক রিপণ কলেজ, ১৯ নং ষষ্ঠীতলা রোড, নারিকেলডাঙ্গা।

৫৪। " যোগীন্দ্রচন্দ্র দত্ত এম্ এ; বি এল্, এটর্ণী, ১৭১নং মাণিকতলা ষ্ট্রীট, রামবাগান, কলিকাতা।

৫৫। " ব্রজেন্দ্রলাল মিত্র এম্ এ; বি এল্, উকীল, ৭নং রাধানাথ বসুর লেন, গোয়াবাগান, কলিকাতা।

৫৬। " প্রমথনাথ দত্ত এম্ এ; বি এল্, ৭১নং সীতারাম ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

৫৭। " নলিনীনাথ সেন এম এ; বি এল, উকীল, ৫৭ নং নিমতলা ঘাট ষ্ট্রীট, কলিকাতা।

৫৮। " ত্রৈলোক্যনাথ ভট্টাচার্য্য এম্ এ; বি এল্, ডেপুটি ম্যাজিষ্ট্রেট, গয়া!

৫৯। অক্ষয়কুমার ঠাকুর, এম্ এ; এটর্ণী, ২৯নং দর্জ্জিহাটা, পোস্তা, কলিকাতা।

৬০। রজনীমোহন চট্টোপাধ্যায়, এটর্ণী, ৬নং দ্বারকানাথ ঠাকুরের লেন, যোড়াসাঁকো, কলিকাতা।

৬১। " শিবাপ্রসন্ন ভট্টাচার্য্য, বি এল্, উকীল, ১৭।৪ কেম্বিজ্রাম বিশ্বাস লেন, কলিকাতা।

৬২। " অমৃতকৃষ্ণ মল্লিক, বি এল, উকীল, ২নং শিবশঙ্কর মল্লিকের লেন, জানপুকুর, কলিকাতা।

৬৩। শ্রীযুক্ত সতীশচন্দ্র পাল চৌধুরী, জমীদার, এটর্ণী ১১৩ গ্রে ষ্ট্রীট, শোভাবাজার কলিকাতা।

৬৪। " তারাপদ বন্দ্যোপাধ্যায় বি এল্, উকীল, কৃষ্ণনগর, নদীয়া।

৬৫। " অবিনাশচন্দ্র দাস, এম্ এ; বি এল্, উকীল আজিমগঞ্জ, মুরশিদাবাদ।

৬৬। " পূর্ণেন্দুনারায়ণ সিংহ, এম্ এ; বি, এল্, উকীল, বাঁকীপুর, পাটনা।

৬৭। " মথুরানাথ সিংহ, এম্ এ; বি এল্, উকীল বাঁকীপুর, পাটনা।

৬৮। " নিখিলনাথ রায় বি এল্, বহরমপুর, খাগড়া, মুরশিদাবাদ।

৬৯। " মন্মথনাথ দে, বি, এল্, উকিল, বাঁকীপুর।

৭০। " কুলদাপ্রসাদ মুখোপাধ্যায় এম্ এ; বি এল্, উকীল, বাঁকুড়া।

৭১। " যোগীন্দ্রচন্দ্র চক্রবর্ত্তী, এম এ; বি এল, উকীল, দিনাজপুর।

৭২। " কিশোরীমোহন রায় চৌধুরী, বি এল্, উকীল, ঘোড়ামারা, রাজসাহী।

৭৩। " কালীপদ বসু, বি এল্, উকীল, মীরাট।

৭৪। " ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ, এম্ এ, অধ্যাপক জিঃ, এঃ, ইন্‌ষ্টিঃ ২৬নং হরলাল মিত্রের লেন, বাগবাজার, কলিকাতা।

৭৫। " রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, এম এ, অধ্যাপক রিপণ কলেজ, ৬নং উইলিয়মস্ লেন, জেলেপাড়া, বহুবাজার কলিকাতা।

৭৬। " রাধেশচন্দ্র শেঠ, বি এল্, উকীল, গঙ্গর্ম্মপুর, মালদহ।

৭৭। " বিপিনবিহারী গুপ্ত, এম্ এ, অধ্যাপক, প্রেসিডেন্সী কলেজ, ৩৯নং বেচু চাটুর্য্যের ষ্ট্রীট, কলিকাতা।

৭৮। " জি, সি, বসু, স্কোয়ার, এম্ এ; এফ্, আর, এ, এস্; বঙ্গবাসী কলেজের, অধ্যক্ষ, ১৯২নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

৭৯। " কালীপ্রসন্ন বন্দ্যোপাধ্যায় এম্ এ, অধ্যাপক, সেণ্ট্রাল কলেজ, ৭৯নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কাঁসারিপাড়া, কলিকাতা।

৮০। " অনাথনাথ পালিত এম্ এ, অধ্যাপক, সেণ্ট্রাল কলেজ, ৩নং ঈশ্বরচন্দ্র চক্রবর্ত্তীর লেন, গোয়াবাগান, কলিকাতা।

৮১। শ্রীযুক্ত পূর্ণচন্দ্র গোস্বামী, এম্ এ, অধ্যাপক, রিপণ কলেজ, ২৬নং স্কটস্ লেন, জেলেপাড়া, বহুবাজার, কলিকাতা।

৮২। „ কৃষ্ণচন্দ্র দে, এম্ এ, অধ্যাপক, হিন্দু সেণ্ট্রাল কলেজ, কাশী।

৮৩। „ কালীপদ বসু, এম্ এ, অধ্যাপক, ঢাকা কলেজ, ঢাকা।

৮৪। „ ব্রজেন্দ্রলাল শীল, এম্ এ অধ্যক্ষ জেঙ্কিন্স্ কলেজ, কুচবিহার।

৮৫। „ যোগেশচন্দ্র রায়, এম্ এ, অধ্যাপক, কটক কলেজ, কটক।

৮৬। „ কিশোরীমোহন সেনগুপ্ত, এম্, এ, অধ্যাপক, হুগলী ট্রেনিং স্কুল, হালিসহর।

৮৭। „ তাড়িৎকান্তি বক্সী, এম্, এ, অধ্যাপক, জব্বলপুর কলেজ, জব্বলপুর।

৮৮। „ ললিতচন্দ্র মিত্র, এম্ এ, ৩০।৩ নং মদন মিত্রের লেন, সিমলা, কলিকাতা।

৮৯। „ ঈশানচন্দ্র ঘোষ, এম্ এ, ৬৭।৯ বলরামদের ষ্ট্রীট, কলিকাতা।

৯০। „ সতীশচন্দ্র বিদ্যাভূষণ, এম্,এ,১১নং গোবিন্দচন্দ্র সেনের লেন, চাঁপাতলা, কলিকাতা।

৯১। „ ফণীভূষণ বসু, এম্ এ, এসিষ্ট্যাণ্ট ইন্স্পেক্টার, অফ স্কুল, বর্দ্ধমানবিভাগ, হুগলী।

৯২। „ মন্মথমোহন বসু, এম্ এ, ৪নং গোকুল মিত্রের লেন, বাগ-বাজার কলিকাতা।

৯৩। „ প্রমথনাথ মুখোপাধ্যায়, এম্ এ,অধ্যাপক রাজসাহী কলেজ।

৯৪। „ যোগীন্দ্রনাথ সেন, এম্ এ, কবিরাজ, ৩১নং প্রসন্নকুমার ঠাকুরের ষ্ট্রীট, পাথুরেঘাটা, কলিকাতা।

৯৫। „ ব্রজলাল মুখোপাধ্যায় এম্, এ, নাট্যমন্দির, হরিতকী-বাগান লেন।

৯৬। „ খগেন্দ্রনাথ মিত্র, এম এ, ৮২নং সীতারাম ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

৯৭। „ প্রিয়নাথ ঘোষ, এম্ এ, কুচবিহার রাজবাটী।

৯৮। শ্রীযুক্ত পদ্মনাথ ভট্টাচার্য্য বিদ্যাবিনোদ, এম্ এ, ডেপুটী ইন্স্পেক্টর, শ্রীহট্ট।

৯৯। „ অধরচন্দ্র মুখোপাধ্যায়, এম্, এ, অধ্যাপক, ডি, এ, ইন্‌ষ্টিটিউশান, রাধামাধব সাহার লেন, শুঁড়িপাড়া কলিকাতা।

১০০। „ গৌরীশঙ্কর দে, এম এ, অধ্যাপক ডি এ, ইন্‌ষ্টিটিউশন; নীলমণি মিত্রের ষ্ট্রীট, দরজীপাড়া, কলিকাতা।

১০১। „ সুন্দরীমোহন দাস, এম্ বি, ডাক্তার, ১৯।১ বৃন্দাবন মল্লিকের লেন, বাদুড়বাগান, কলিকাতা।

১০২। „ সরসীলাল সরকার, এল এম এস, ডাক্তার ১১১ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।

১০৩। „ চন্দ্রশেখর কালী, এল্ এম্ এস, ডাক্তার, ১৫০নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, হাতিবাগান, কলিকাতা।

১০৪। „ বিজয়রত্ন সেন কবিরঞ্জন, কবিরাজ, ৫নং কুমারটুলি, কলিকাতা।

১০৫। „ শশিভূষণ মিত্র এম্ বি, ডাক্তার, ৩৮নং ওয়েলিংটন ষ্ট্রীট, কলিকাতা।

১০৬। „ উপেন্দ্রনাথ সেন, কবিরাজ, ২৯নং কলুটোলা ষ্ট্রীট, কলিকাতা।

১০৭। „ উপেন্দ্রনাথ মিত্র, এম বি, ডাক্তার, ১১০নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কাঁসারীপাড়া কলিকাতা।

১০৮। „ বিভূতিভূষণ চট্টোপাধ্যায়, এম বি, ডাক্তার, দিঘাপাতিয়া রাজসাহী।

১০৯। „ রামচন্দ্র বিদ্যাবিনোদ, কবিরাজ, ১০২নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, সিমলা কলিকাতা।

১১০। „ বঙ্কুবিহারী সিংহ, ডেপুটীম্যাজিষ্ট্রেট, কিশোরগঞ্জ, ময়মনসিংহ।

১১১। „ নিত্যগোপাল সরকার, বি এল্, মুন্সেফ, মাগুরা, যশোহর।

১১২। „ দেবেন্দ্রনাথ পাল, বি এল, মুন্সেফ মুরশিদাবাদ।

১১৩। „ অক্ষয়কুমার সেন, ডেপুটি কলেক্টর, ঢাকা।

১১৪। „ মোহিনীমোহন দত্ত, বি এল্ মুন্সেফ, পাবনা।

১১৫। শ্রীযুক্ত শ্রীশচন্দ্র ঘোষ, বি এল, ডেপুটি ম্যাজিষ্ট্রেট, জামালপুর ময়মনসিংহ।
১১৬। „ হেমেন্দ্রনাথ সিংহ, সেট্‌ল্‌মেণ্ট অফিসার, বারিপদা, ময়ূরভঞ্জ উড়িষ্যা।
১১৭। „ হেমাঙ্গচন্দ্র বসু, বি এল্‌, সবজজ, হুগলী।
১১৮। „ মাধবচন্দ্র চট্টোপাধ্যায়, ইঞ্জিনিয়ার, ১০৬নং শ্যামবাজার ষ্ট্রীট, কলিকাতা।
১১৯। „ চারুচন্দ্র ঘোষ, ৭নং নবীন সরকারের লেন, বাগবাজার।
১২০। „ পণ্ডিত রজনীকান্ত গুপ্ত, ২৮।১৬নং অখিল মিস্ত্রীর লেন, চাঁপাতলা, কলিকাতা।
১২১। „ চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়, ১৮নং রামমোহন সাহার লেন, শুঁড়িপাড়া, কলিকাতা।
১২২। „ হরিচরণ বসু, ৭১নং পাথুরিয়াঘাটা ষ্ট্রীট, কলিকাতা।
১২৩। „ গোবিন্দচন্দ্র দত্ত, সাবিত্রী লাইব্রেরীর সম্পাদক, ১১নং অক্রূর দত্তের লেন, বহুবাজার কলিকাতা।
১২৪। „ রাজকৃষ্ণ রায় চৌধুরী, ২২০নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।
১২৫। „ প্রিয়নাথ মুখোপাধ্যায়, ইন্‌স্পেক্টর, হজুরীমলস্‌ লেন, বহুবাজার কলিকাতা।
১২৬। „ যজ্ঞেশ্বর বন্দ্যোপাধ্যায়, ১নং শ্রীনাথ দাসের ব্যারাক, বহু-বাজার কলিকাতা।
১২৭। „ শরচ্চন্দ্র সরকার ৭।১নং মুক্তারাম বাবুর ষ্ট্রীট, চোরবাগান, কলিকাতা।
১২৮। „ শান্তশীল বিদ্যাবিনোদ বি এ, কলিকাতা, কাষ্টম হাউস এক্‌-সাইজ ডিপার্টমেণ্ট।
১২৯। „ মন্মথনাথ মুখার্জী বিএ, ৪৯ নং শ্যামবাজার ষ্ট্রীট, কলিকাতা।
১৩০। „ ব্যোমকেশ মুস্তফী, ১৩৭।১ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।
১৩১। „ পরেশচন্দ্র সোম, ৭৬নং আপার সার্কুলার রোড, শ্যামবাজার, কলিকাতা।

১৩২। শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু, বিশ্বকোষ সঙ্কলয়িতা, ১৪নং হেলিপাড়া লেন, শ্যামপুকুর, কলিকাতা।

১৩৩। „ বরদাকান্ত ঘোষ, ৪২নং মদন বড়ালের লেন, বহুবাজার, কলিকাতা।

১৩৪। „ প্রমথনাথ মিত্র, ৫নং হেলিপাড়া লেন, শ্যামপুকুর, কলিকাতা।

১৩৫। „ বাণীনাথ নন্দী, ১৭নং শিকদার বাগান ষ্ট্রীট, কলিকাতা।

১৩৬। „ পণ্ডিত অতুলকৃষ্ণ গোস্বামী, ১১নং মহেন্দ্র গোস্বামীর লেন, সিমলা, কলিকাতা।

১৩৭। „ মন্মথনাথ চক্রবর্ত্তী, অধ্যক্ষ, কলিকাতা শিল্প বিদ্যালয়, ১৭নং শ্রীনাথ দাসের লেন, বহুবাজার, কলিকাতা

১৩৮। „ যজ্ঞেশ্বর ঘোষ, ১৬নং মদন বড়ালের লেন, বহুবাজার, কলিকাতা।

১৩৯। „ প্রিয়নাথ চট্টোপাধ্যায়, ৬নং মদনমোহন চট্টোপাধ্যায়ের লেন, যোড়াসাঁকো, কলিকাতা।

১৪০। „ অবিনাশচন্দ্র ঘোষ, ৮।১ কালী ঘোষের লেন, সিমলা, কলিঃ।

১৪১। „ পঞ্চানন মুখোপাধ্যায়, ৪৭, বেচু চাটুর্য্যের ষ্ট্রীট, শ্যামাপুকুর, কলিকাতা।

১৪২। „ তিনকড়ি মুখোপাধ্যায়, ২৭।৯ মটস্ লেন, তালতলা, কলিকাতা।

১৪৩। „ শচীন্দ্রনাথ মুখোপাধ্যায়, বি এ, ২৭।৯ মটস্ লেন, তালতলা।

১৪৪। „ শরৎচন্দ্র চট্টোপাধ্যায়, ৫২।২ চাষাধোপাপাড়া ষ্ট্রীট, যোড়াসাঁকো, কলিকাতা।

১৪৫। „ রাধানাথ মিত্র, ১নং বেচারাম চট্টোপাধ্যায়ের লেন, দরজীপাড়া, কলিকাতা।

১৪৬। „ চুনিলাল সেন, ৬নং মুক্তারাম বাবুর ষ্ট্রীট, চোরবাগান, কলিকাতা।

১৪৭। „ দ্বিজেন্দ্রনাথ সিংহ এম্, এন্, পি, এস (লণ্ডন), ১২০।২ মসজীদ বাড়ী ষ্ট্রীট, দরজীপাড়া, কলিকাতা।

১৪৮। „ ভূতনাথ মিত্র, ২৪৯ আহীরীটোলা ষ্ট্রীট, কলিকাতা।

১৪৯। শ্রীযুক্ত ভূতনাথ পাল, বিএ, ২৯নং বসুপাড়া লেন, বাগবাজার, কলিকাতা।
১৫০। „ মৃণালকান্তি ঘোষ, ২নং আনন্দচন্দ্র চট্টোপাধ্যায়ের লেন, বাগবাজার, কলিকাতা।
১৫১। „ শরচ্চন্দ্র শাস্ত্রী, ১১নং গোবিন্দচন্দ্র সেনের লেন, চাঁপাতলা, কলিকাতা।
১৫২। „ কানাইলাল ঘোষাল, ১৬নং যুগলকিশোর দাসের লেন, শুঁড়ীপাড়া, কলিকাতা।
১৫৩। „ কালীদাস নাথ, ১০নং রামকৃষ্ণ বাগচীর লেন, রামবাগান, কলিকাতা।
১৫৪। „ বলাইচাঁদ গোস্বামী, ৬৮নং বলরাম দের ষ্ট্রীট, সিমলা, কলিকাতা।
১৫৫। „ রামগোপাল সেন গুপ্ত, ২৩নং হরতোলের লেন, আহীরীটোলা, কলিকাতা।
১৫৬। „ শ্যামলাল বসু, ৮২নং শ্যামবাজার ষ্ট্রীট, কলিকাতা।
১৫৭। „ গুরুদাস চট্টোপাধ্যায়, ২০১নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, সিমলা, কলিকাতা।
১৫৮। „ শিবনাথ বসু, ৭৯।২নং মুক্তারাম বাবুর ষ্ট্রীট, চোরবাগান, কলিকাতা।
১৫৯। „ গিরীশচন্দ্র রায়, ৮নং হোগলকুড়িয়া লেন, কলিকাতা।
১৬০। „ বীরেশ্বর চট্টোপাধ্যায়, ৩০নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, সিমলা, কলিকাতা।
১৬১। „ ক্ষেত্রচন্দ্র মুখোপাধ্যায়, ৭নং শাঁখারীটোলা লেন, কলিকাতা।
১৬২। „ ললিতমোহন মল্লিক, দে মল্লিক এণ্ড কোং, ২০নং লালবাজার ষ্ট্রীট, কলিকাতা।
১৬৩। „ মাধবচন্দ্র চক্রবর্ত্তী, ২৮।৩ অখিল মিস্ত্রীর লেন, চাঁপাতলা, কলিকাতা।
১৬৪। „ রমেশচন্দ্র বসু, ৭নং ঈশ্বর মিলের লেন, গোয়াবাগান, কলিকাতা।

১৬৫। শ্রীযুক্ত গিরীন্দ্রনাথ মুখোপাধ্যায়, ২৫নং হালদারপাড়া লেন, কালীঘাট, কলিকাতা।

১৬৬। „ বসন্তকুমার বসু, ২৩ তালপুকুর রোড, মুঁড়া।

১৬৭। „ রুড়মল্ল গোয়েনকা, ৫৭নং বড়তলা ষ্ট্রীট, বড়বাজার, কলিকাতা।

১৬৮। „ অশ্বিনীকুমার ঘোষ, ৭৫নং বীডন ষ্ট্রীট, কলিকাতা।

১৬৯। „ রাধিকারমণ চট্টোপাধ্যায়, ১৭৩।১ কর্ণওয়ালিস ষ্ট্রীট, সিমলা, কলিকাতা।

১৭০। „ রামদয়াল দে বি এ, ২নং নয়ানচাঁদ দত্তের ষ্ট্রীট, সিমলা, কলিকাতা।

১৭১। „ দ্বিজেন্দ্রনাথ বসু, ৬নং গুরুপ্রসাদ চৌধুরীর লেন, সিমলা, কলিকাতা।

১৭২। „ কিরণচন্দ্র দত্ত, ১নং রামকান্ত বসুর ফার্ষ্ট লেন, বাগবাজার, কলিকাতা।

১৭৩। „ খগেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ১০০।১ তালতলা লেন, কলিকাতা।

১৭৪। „ সুরেন্দ্রনাথ অধিকারী, ৩৭ বসুপাড়া লেন, বাগবাজার, কলিকাতা।

১৭৫। „ নগেন্দ্রকুমার বসু, ২৭ চূণাপুকুর লেন, কলিকাতা।

১৭৬। „ মৌলবী আবদুল করিম, বি এ, ১৩।১ ওয়েলেসলি স্কোয়ার, কলিকাতা।

১৭৭। „ অক্ষয়কুমার বড়াল, ১০নং যুগলকিশোর দাসের লেন, শুঁড়ী-পাড়া, কলিকাতা।

১৭৮। „ অনুকূলচন্দ্র শেঠ, ৬৮ ময়রাহাটা ষ্ট্রীট, বড়বাজার, কলিকাতা।

১৭৯। „ যতীশচন্দ্র সমাজপতি, ২।১ রামধন মিত্রের লেন, শ্যামপুকুর।

১৮০। „ বিজয়লাল দত্ত, ২৩।৩ চক্রবেড় রোড, ভবানীপুর।

১৮১। „ প্রকাশচন্দ্র দত্ত, ৭নং রামমোহন সাহার লেন, শুঁড়িপাড়া, কলিকাতা।

১৮২। „ আনন্দনাথ রায়, ৩১নং প্রসন্নকুমার ঠাকুরের ষ্ট্রীট, পাথুরেঘাটা, কলিকাতা।

১৮৩। শ্রীযুক্ত বৈদ্যনাথ ঘোষ, ১১ রামকৃষ্ণ দাসের লেন, বাদুড়বাগান, কলিকাতা।

১৮৪। " শশিভূষণ দে বি এ, ৬১নং বাগবাজার ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা।

১৮৫। " সুরেশচন্দ্র সমাজপতি, ২।১ নং রামধন মিত্রের লেন, শ্যামপুকুর, কলিকাতা।

১৮৬। " চন্দ্রোদয় বিদ্যাবিনোদ, ১৯১ নং বহুবাজার ষ্ট্রীট, বঙ্গবাসী কলেজ, কলিকাতা।

১৮৭। " সত্যচরণ শাস্ত্রী, দক্ষিণেশ্বর, পোঃ আঃ এঁড়েদহ।

১৮৮। " ললিতমোহন ঘোষাল, কাশীপুর, চিৎপুর।

১৮৯। " মদনমোহন দত্ত, ৪৮ নং বসুপাড়া লেন, বাগবাজার, কলিকাতা।

১৯০। " পরেশনাথ বসু, ৫নং রঘুনাথ চট্টোপাধ্যায়ের লেন, বাদুড়বাগান, কলিকাতা।

১৯১। " সুরেশচন্দ্র দত্ত, বি এ, ২৩।১ গুরুপ্রসাদ চৌধুরীর লেন, সিমলা, কলিকাতা।

১৯২। " রমণীমোহন ঘোষ বি এ, পোঃ আঃ সুপারিন্টেণ্ডেন্ট, রঙ্গপুর।

১৯৩। " ধীরেন্দ্রনাথ দত্ত, ১৩৯ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট হাতীবাগান, কলিকাতা।

১৯৪। " বিজয়েন্দ্রনাথ দত্ত, " " "

১৯৫। " কেদারনাথ মিত্র, ১৪ নং কালীপ্রসাদ দত্তের ষ্ট্রীট, দরজীপাড়া, কলিকাতা।

১৯৬। " নির্ম্মলচন্দ্র দত্ত, ৮৩।১ নং মুক্তারাম বাবুর ষ্ট্রীট, চোরবাগান, কলিকাতা।

১৯৭। " নিবারণচন্দ্র দত্ত, " " "

১৯৮। " অনঙ্গমোহন পাল, ৪৮।৫৯ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, যোড়াসাঁকো, কলিকাতা।

১৯৯। শ্রীযুক্ত ছন্নুলাল রায়, ১৪ নং শ্রীনাথ রায়ের লেন, চোরবাগান কলিকাতা।

২০০। „ ক্ষীরোদবিহারী পাল, ৩৪৪ নং আপার চিতপুর রোড, গরাণ-হাটা, কলিকাতা।

২০১। „ শরচ্চন্দ্র মল্লীক, ৩৫০ নং আপার চিতপুর রোড, গরাণহাটা, কলিকাতা।

২০২। „ শশিভূষণ মুখোপাধ্যায়, ম্যানেজার, কঙ্কনী কোল কোং, পোষ্ট কাটগ্রাম।

২০৩। „ বসন্তরঞ্জন রায়, বেলিয়াতোড়, বাঁকুড়া।

২০৪। „ প্রফুল্লচন্দ্র বন্দ্যোপাধ্যায়, ডেপুটী পোষ্টমাষ্টার জেনারেল, ঢাকা।

২০৫। „ কালীপ্রসন্ন চক্রবর্ত্তী, গুজাদিয়া কাছারী, কিশোরগঞ্জ, ময়মনসিংহ।

২০৬। „ নিবারণ চন্দ্র ভট্টাচার্য্য, প্রধান পণ্ডিত, দীনহাটা বাঙ্গালা বিদ্যালয়, কুচবিহার।

২০৭। „ দীননাথ গঙ্গোপাধ্যায়, খাসবাটী, হালিসহর।

২০৮। „ বিহারীলাল মুখোপাধ্যায়, ৩০১নং গ্রাণ্ড ট্রাঙ্ক রোড, হাওড়া।

২০৯। „ শিবরতন মিত্র, কালেক্টরী চৌকী আফিস সিউড়ী, বীরভূম।

২১০। „ চন্দ্রমোহন সেন, বান্দেল রোড, চট্টগ্রাম।

২১১। হরগোবিন্দ কাব্যতীর্থ, প্রধান পণ্ডিত, গোয়ালন্দ হাইস্কুল, রাজবাড়ী, ই, বি, এস, আর।

২১২। „ খগেন্দ্রনাথ মুস্তফী, বড়ালপাড়া, হুগলী।

২১৩। „ পাঁচকড়ি ঘোষ, দাসপাড়া, হুগলী।

২১৪। „ যাদবানন্দ গুপ্ত, মঠ, মাণিকগঞ্জ, ঢাকা।

২১৫। „ সুখরঞ্জন বসু, প্রধান শিক্ষক, ত্রিপুরাসুন্দরী স্কুল, ভাত্রা, ময়মনসিংহ।

২১৬। „ বিশ্বেশ্বর চক্রবর্ত্তী, বি এ, প্রধান শিক্ষক, নবদ্বীপ।

২১৭। „ প্রভাসচন্দ্র দে, রেলপার, আসানসোল।

২১৮। শ্রীযুক্ত বনমালী সিংহ, গার্জ্জেন রাজ-এষ্টেট, কটক।
২১৯। " এস্, কে, এম, মহম্মদ্, রওশন আলী, কোহিনুর সম্পাদক, পাংশা, ফরীদপুর।
২২০। " রঞ্জনবিলাস রায় চৌধুরী, পোষ্টমাষ্টার, মতিহারী।
২২১। " নিবারণচন্দ্র চট্টোপাধ্যায়, কুঠিঘাট, বরাহনগর।
২২২। " অনঙ্গমোহন বসু, নায়েব, গড়হাট কাছারী, জয়নগর।
২২৩। " জয়দয়াল সিংহ, ডেপুটী পোষ্টমাষ্টার জেনেরালের আপীস, দানাপুর।
২২৪। " অমরনাথ দত্ত, বি এ, কেদারপুর, পোঃ বাজিতপুর।
২২৫। " চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায়, জিরাট, বলাগড়।
২২৬। " বিষ্ণুচরণ বসু, গড়ূপ, আমতা।
২২৭। " শ্রীনিবাস বন্দ্যোপাধ্যায়, ৪৩।৪ আরমাণিটোলা, ঢাকা।
২২৮। " বসন্তকুমার বসু, ২৪ রায়বাগান ষ্ট্রীট, কলিকাতা।
২২৯। " শশিভূষণ সিদ্ধান্তচক্রবর্ত্তী, বেলঘরিয়া; পোঃ পাটুল, নাটোর।
২৩০। " নগেন্দ্রনাথ গুপ্ত, প্রভাত সম্পাদক, ৪৮নং গ্রেষ্ট্রীট, কলিকাতা।
২৩১। " প্রসাদ দাস গুঁই, ১৩।১নং হিদারাম বন্দ্যোপাধ্যায়ের লেন, বহুবাজার, কলিকাতা।
২৩২। " হিতেন্দ্রনাথ ঠাকুর। } ৬নং দ্বারকানাথ ঠাকুরের লেন।
২৩৩। " ঋতেন্দ্রনাথ ঠাকুর। } যোড়াসাঁকো কলিকাতা।
২৩৪। " সতীশচন্দ্র ঘোষ, ১নং নিমকমহল রোড্, গার্ডেনরীচ্।
২৩৫। " ডাঃ দেবেন্দ্রনাথ রায়, হলওয়েলস্ লেন কলিকাতা।
২৩৬। " কুমুদনাথ গঙ্গোপাধ্যায় বি এল, এটর্ণী, হেষ্টিংস ষ্ট্রীট, কলিকাতা।
২৩৭। " ভুবনমোহন বসু, ৭৭।৫ মুক্তারাম বাবুর ষ্ট্রীট, চোরবাগান কলিকাতা।
২৩৭। " নগেন্দ্রনাথ সেন, বি, এ, কবিতত্ত্ব সম্পাদক। খুলনা।

২২৮। শ্রীযুক্ত যোগেশচরণ সেন, জমিদার বহরমপুর, খাগড়া পোষ্ট, মুরশিদাবাদ।
২২৯। „ রাখালচন্দ্র কাব্যতীর্থ, কাঁটালপাড়া, নৈহাটী।
২৩০। „ বিনোদবিহারী কাব্যতীর্থ, ভাটপাড়া, ২৪ পরগণা।
২৩১। „ মণিমোহন সেন, জমিদার বহরমপুর, খাগড়া পোষ্ট, মুরশিদাবাদ।
২৩২। „ কেদারনাথ চট্টোপাধ্যায়, নেপাল রাজকুমারের শিক্ষক। কাট্‌মাণ্ডো, নেপাল।
২৩৩। „ প্রসন্নকুমার রায়, দেওয়ান বাজার, চট্টগ্রাম।
২৩৪। „ রায় বঙ্কিমচন্দ্র মজুমদার সাহেব, ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়ার, ঢেঁকানল, পোষ্ট কটক।
২৩৫। „ রায় শ্রীনাথ পাল বাহাদুর, পোষ্ট খাগড়া, বহরমপুর মুর্শিদাবাদ
২৩৬। „ দুর্গাদাস রায় চৌধুরী জমিদার বারুইপুর, ২৪ পরগণা।
২৩৭। „ শরচ্চন্দ্র মজুমদার এম্, এ, ২০নং কর্ণওয়ালিস ষ্ট্রীট্, কলিকাতা।
২৩৮। „ কালীপ্রসন্ন ঘোষ, জমিদার ৭২নং বীডন ষ্ট্রীট্, কলিকাতা।
২৩৯। „ রায় নীরদ কৃষ্ণ দত্ত, ৩২নং বাগবাজার ষ্ট্রীট্, কলিকাতা।
২৪০। „ রাজেন্দ্রনাথ চট্টোপাধ্যায় ১৬।১ নং কাঁটাপুকুর লেন বাগবাজার, কলিকাতা।
২৪১। „ ব্রজলাল মিত্র ১৮১।১ আপার সার্কুলার রোড্, কলিকাতা।
২৪২। „ অন্নদাচরণ সেন, বি, এ, ৮২, সীতারাম ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।
২৪৩। „ নগেন্দ্রনাথ নাগ মিত্র, উকীল, হাইকোর্ট, ১৩নং সিমলা ষ্ট্রীট্ ঐ।
২৪৪। „ চারুচন্দ্র জ্যোতিষী, অশোক কুটীর, ৫নং শ্রীনাথ দাসের লেন, বহুবাজার, কলিকাতা।
২৪৫। „ যোগিনীমোহন চট্টোপাধ্যায়, ব্যারিষ্টার, ১১৪।১১৫ মেছুয়াবাজার ষ্ট্রীট, কলিকাতা।
২৪৬। „ অমূল্যচন্দ্র গোস্বামী, ৩১নং এলগিন রোড, ভবানীপুর।
২৪৭। „ রায় প্রমথনাথ চৌধুরী, জমীদার, ৩৫।২ বীডন ষ্ট্রীট, কলিকাতা।
২৪৮। „ সুরেন্দ্রনাথ ঠাকুর, ২নং ষ্টোর রোড, বালিগঞ্জ, কলিকাতা।

২৪৯। শ্রীযুক্ত প্রমথনাথ চৌধুরী, ব্যারিষ্টার, ১০নং বালিগঞ্জ, সার্কুলার রোড, কলিকাতা

২৫০। " ক্ষিরোদচন্দ্র বসু, ৩৫নং বসুপাড়া লেন, বাগবাজার কলিকাতা।

২৫১। " সত্যেন্দ্রনাথ রায়, ১।২৭নং ফড়িয়াপুকুর ষ্ট্রীট, কলিকাতা।

২৫২। " জীবনকৃষ্ণ ভড়, ৪৬নং মাণিকতলা ষ্ট্রীট, কলিকাতা।

২৫৩। " সূর্য্যপদ বন্দ্যোপাধ্যায়, ২৯।১নং বনমালী সরকারের ষ্ট্রীট, কলিকাতা।

২৫৪। " মন্মথনাথ ঘোষ, ৭৫নং বীডন ষ্ট্রীট, কলিকাতা।

২৫৫। " দীননাথ কবিরত্ন, ৬১।৩নং বাশতলা ষ্ট্রীট, বড়বাজার, কলিকাতা।

২৫৬। " জগদীশচন্দ্র বসু, ৪৬নং ষ্ট্রাণ্ড রোড, কালিঘাট।

২৫৭। " রামচন্দ্র মিত্র, ২৩নং নেচু চাটুর্য্যের ষ্ট্রীট, কলিকাতা।

২৫৮। " নৃসিংহচন্দ্র মুখোপাধ্যায়, ৭নং ব্রাহ্মসমাজ লেন, শাঁখারীটোলা।

২৫৯। " নরেন্দ্রনাথ মিত্র, বি এল, এটর্ণী, ৩৪নং তেলিপাড়া লেন,

২৬০। " পূর্ণচন্দ্র ঘোষ, ২২৩নং অপার সার্কুলার রোড, শ্যামবাজার কলিকাতা।

২৬১। " দেবেন্দ্রপ্রসাদ ঘোষ, ৮২নং সীতারাম ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

২৬২। " নলিনীভূষণ গুহ, ক্যেশিয়ার, লেসলী কোং, চৌরঙ্গীরোড, কলিকাতা।

২৬৩। " অঘোরনাথ শাস্ত্রী কবিরাজ, ১২১নং অপার চিৎপুর রোড, বটতলা, কলিকাতা।

২৬৪। " প্রবোধচন্দ্র বিদ্যানিধি কবিরাজ, ১৫০নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।

২৬৫। " ইন্দুভূষণ মজুমদার, বি এল, উকীল হাইকোর্ট, ৪২নং গ্রে ষ্ট্রীট, কলিকাতা।

২৬৬। " সুরেন্দ্রকুমার রায় বি এ, ১নং দর্পনারায়ণ ঠাকুরের ষ্ট্রীট, কলিকাতা।

২৬৭। শ্রীযুক্ত আনন্দময় মিত্র, ৩২নং শ্যামপুকুর ষ্ট্রীট, কলিকাতা।

২৬৮। „ পূর্ণচন্দ্র গুপ্ত, ২।৭নং রাজা নবকৃষ্ণের ষ্ট্রীট, শোভাবাজার, কলিকাতা।

২৬৯। „ দ্বারকানাথ মুখোপাধ্যায়, ৬নং রাজাবাগান ষ্ট্রীট, কলিকাতা।

২৭০। „ জিতেন্দ্রকৃষ্ণ দেব, ২।৭নং রাজা নবকৃষ্ণের ষ্ট্রীট, কলিকাতা।

২৭১। „ পূর্ণচন্দ্র ঘোষ (খ) ১০৭নং গ্রে ষ্ট্রীট, কলিকাতা।

২৭২। „ নগেন্দ্রকৃষ্ণ মল্লিক, ২নং শিবশঙ্কর মল্লিকের লেন, শ্যামপুকুর, কলিকাতা।

২৭৩। „ গুণেন্দ্রনাথ রায়, ৬নং রাজাবাগান ষ্ট্রীট, কলিকাতা।

২৭৪। „ লাড়লীমোহন ঘোষ, ১নং হারিংটন ষ্ট্রীট, কলিকাতা।

২৭৫। „ মহেন্দ্রনাথ মজুমদার, কাশীপুর।

২৭৬। „ বিধুভূষণ গঙ্গোপাধ্যায়, কাশীপুর।

২৭৭। „ কুমার সত্যবাদী ঘোষাল, কাশীপুর।

---

২৭৮। মহামহোপাধ্যায় শ্রীযুক্ত নীলমণি ন্যায়লঙ্কার এম, এ, ২২নং নিয়োগী-পুকুর ওয়েষ্ট লেন, তালতলা, কলিকাতা।

